


19

Boats and Streams


এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য ও সূত্র

ধরি, স্থির পানিতে (in still water) নৌকার বা মাঝির বেগ = u
শ্রোতের বেগ = v



স্থির পানি তাই এখানে শ্রোতের বেগ শূন্য


প্রতিকূলে বেগ (upstream speed)



শ্রোতের প্রতিকূলে নৌকার বেগ = $u - v$

[u ও v বিপরীতমুখী এবং $u > v$ তাই u হতে v বিয়োগ হচ্ছে]

I. অনুকূলে বেগ (Down Stream Speed)




শ্রোতের অনুকূলে নৌকার বেগ = $u + v$

[u ও v একইমুখী তাই u ও v যোগ হচ্ছে]


অন্যভাবে মনে রাখতে পারেন – নৌকায় উঠার অভিজ্ঞতা রয়েছে, তারা নিশ্চয় খেয়াল করেছেন শ্রোত যেদিকে যায় নৌকা সেদিকে দ্রুত চলে। অর্থাৎ তখন অনুকূলে বেগ বেশি, তাই u ও v যোগ হবে, আবার নৌকা যখন শ্রোতের বিপরীত দিকে যায় তখন নৌকা অনেক ধীরে চলে, অর্থাৎ বেগ কম তাই, তখন u ও v বিয়োগ হবে।

II. শ্রোতের অনুকূলে নৌকার বেগ = a এবং শ্রোতের প্রতিকূলে নৌকার বেগ = b হলে,

স্থির পানিতে নৌকার বেগ, $u = \left(\frac{a+b}{2}\right)$ এবং শ্রোতের বেগ, $v = \frac{a-b}{2}$

III. একজন লোক স্থির পানিতে u বেগে সাঁতার কাটতে পারে। ধরি, সে u বেগে OB পথে যাত্রা শুরু করল। শ্রোতের বেগ v এর জন্য সে OB পথে যেতে পারল না, সে OA পথে নদী পার হলো। নদী পার হতে তার সময় লাগবে = $\frac{x}{u}$ 

চিত্রে, OB বরাবর লোকের বেগ = u , OD বরাবর শ্রোতের বেগ = v

IV. এখন মনে করি, লোকটি OB পথেই লম্বভাবে (perpendicular) নদী পার হবে। তাহলে তাকে পাশের চিত্রের ন্যায় OE পথে এমন ভাবে যাত্রা করতে হবে যেন, শ্রোতের বেগ v এর কারণে সে OB পথে লম্ব ভাবে নদী পার হতে পারে। OE এর সমান ও সমান্তরাল রেখা BD অংকন করি, এই BD রেখাই লোকটির বেগ u কে নির্দেশ করে। OB বরাবর লোকটির প্রকৃত বা লব্ধি বেগ = R 

OBD সমকোণী ত্রিভুজে,

$$u^2 = v^2 + R^2 \dots (i)$$

$$\Rightarrow R = \sqrt{u^2 - v^2}$$

$$\therefore \text{লম্বভাবে নদী পার হতে সময় লাগবে, } T = \frac{\text{নদীর প্রস্থ (x)}}{\text{লব্ধি বেগ (R)}}$$

$$\therefore T = \frac{x}{\sqrt{u^2 - v^2}}$$

এখন নদীতে শ্রোত না থাকলে (in still water) x মিটার যেতে t সময় লাগে কিন্তু যদি শ্রোত থাকে তাহলে, ঐ দূরত্ব যেতে t' সময় লাগে এক্ষেত্রে,

$$u = \frac{x}{t} \text{ এবং } R = \frac{x}{t'}$$

(i) নং সমীকরণ হতে, $v^2 = u^2 - R^2$

$$v = \sqrt{u^2 - R^2} = \sqrt{\left(\frac{x}{t}\right)^2 - \left(\frac{x}{t'}\right)^2} = \sqrt{x^2 \left(\frac{1}{t^2} - \frac{1}{t'^2}\right)}$$

$$\therefore \text{শ্রোতের বেগ, } v = x \sqrt{\frac{1}{t^2} - \frac{1}{t'^2}}$$

একই নিয়মের অংকগুলো এক সাথে অনুশীলন করতে

টাইপ নং	টাইপ এর নাম	প্রশ্ন নম্বর
1	নৌকার বেগ, শ্রোতের বেগ সম্পর্কিত সমস্যা	1, 2, 3, 4, 5, 6, 8, 9, 12, 13, 14
2	সময় ও বেগ সম্পর্কিত সমস্যা	7, 15, 16, 17, 18, 30, 35, 36
3	সমীকরণ সম্পর্কিত সমস্যা	10, 11, 19, 21, 22, 23, 24, 27, 28, 33
4	বিশেষ সমস্যা	20, 25, 26, 29, 31, 34, 37

রিভিশন বক্স

পরবর্তীতে যে প্রশ্নগুলো আপনার রিভিশন করা প্রয়োজন- সেগুলোর নম্বর লিখে রাখুন

প্রশ্ন নম্বর:

শব্দভাণ্ডার

এই অধ্যায়ের আন্ডারলাইন করা শব্দের অর্থ এখানে দেখুন।

Average Speed = গড় গতি/বেগ	Motorboat = ইঞ্জিনচালিত নৌকা	Speed = গতি/বেগ	Ratio = অনুপাত
Current = শ্রোত	Perpendicularly = লম্বভাবে	Stationary = স্থির	Upstream = শ্রোতের প্রতিকূলে
Downstream = শ্রোতের অনুকূলে	Velocity = বেগ	Row = দাঁড় বেয়ে চলা	Journey = ভ্রমণ/যাত্রা
Equidistant = সমদূরত্ব	Stream = শ্রোত		

Dr. R.S. AGGARWAL স্যারের বইয়ের পূর্ণাঙ্গ বাংলা সমাধান

1. A boat goes 8 km in one hour along the stream and 2 km in one hour against the stream. The speed in km/hr of the stream is (একটি নৌকা শ্রোতের অনুকূলে ঘন্টায় ৪ কি.মি. যায় এবং শ্রোতের প্রতিকূলে ঘন্টায় ২ কি.মি. যায়। শ্রোতের বেগ ঘন্টায় কত কি.মি.?)

- (a) 2 (b) 3 (c) 4 (d) 5

- ✓ সমাধান : ধরি, নৌকার প্রকৃত বেগ (স্থির পানিতে) = u
শ্রোতের বেগ = v

শর্তমতে, $u + v = 8$ (i)

$u - v = 2$ (ii)

(-) (+) (-)

(i) - (ii) করি, $2v = 8 - 2$

$\Rightarrow v = \frac{8-2}{2} = 3$

লক্ষ করুন : এই ধরনের সমস্যার ক্ষেত্রে বিকল্প সূত্র,

শ্রোতের বেগ = $\frac{\text{অনুকূলে বেগ} - \text{প্রতিকূলে বেগ}}{2} = \frac{a-b}{2} = \frac{8-2}{2} = \frac{6}{2} = 3$

2. In one hour, a boat goes 11 km along the stream and 5 km against the stream. The speed of the boat in still water (in km/hr) is (এক ঘন্টায় একটি নৌকা শ্রোতের অনুকূলে 11 কি.মি. যায় এবং শ্রোতের প্রতিকূলে 5 কি.মি. যায়। স্থির পানিতে নৌকার বেগ ঘন্টায় কত কি.মি.?)

- (a) 3 (b) 5 (c) 8 (d) 9

- ✓ সমাধান : স্থির পানিতে নৌকার বেগ = u

শ্রোতের অনুকূলে নৌকার বেগ, $u + v = 11$ (i)

শ্রোতের প্রতিকূলে " " $u - v = 5$ (ii)

(i) + (ii) করি, $2u = 16 \Rightarrow u = 8$

লক্ষ করুন : এক্ষেত্রে বিকল্প সংক্ষিপ্ত সূত্র,

স্থির পানিতে নৌকার বেগ = $\frac{\text{অনুকূলে বেগ} + \text{প্রতিকূলে বেগ}}{2} = \frac{a+b}{2} = \frac{11+5}{2} = 8$

3. A man rows downstream 32 km and 14 km upstream. If he takes 6 hours to cover each distance, then the velocity (in kmph) of the current is (একজন লোক শ্রোতের অনুকূলে 32 কি.মি. এবং প্রতিকূলে 14 কি.মি. দাঁড় বেয়ে চলে। যদি প্রতিটি দূরত্ব অতিক্রম করতে তার 6 ঘন্টা লাগে, তাহলে শ্রোতের বেগ ঘন্টায় কত কি.মি.?)

- (a) $\frac{1}{2}$ (b) 1 (c) $1\frac{1}{2}$ (d) 2

- ✓ সমাধান : শ্রোতের অনুকূলে নৌকার বেগ, $u + v = \frac{32}{6}$ (i)
শ্রোতের প্রতিকূলে " " $u - v = \frac{14}{6}$ (ii)

(-) (+) (-)

(i) - (ii) করি, $2v = \frac{32}{6} - \frac{14}{6}$

$\Rightarrow 2v = \frac{32-14}{6} = \frac{18}{6} = 3$

$\Rightarrow v = \frac{3}{2} = 1\frac{1}{2}$ কি.মি./ঘন্টা

4. A boatman rows 1 km in 5 minutes, along the stream and 6 km in 1 hour against the stream. The speed of the stream is (একজন মাঝি শ্রোতের অনুকূলে 5 মিনিটে 1 কিলোমিটার এবং শ্রোতের প্রতিকূলে 1 ঘন্টায় 6 কি.মি যায়। শ্রোতের বেগ কত?)

- (a) 3 kmph (b) 6 kmph
(c) 10 kmph (d) 12 kmph

- ✓ সমাধান : শ্রোতের অনুকূলে 5 মিনিটে যায় 1 কি.মি.
 “ ” 1 ঘন্টায় বা 60 “ ” $\frac{1 \times 60}{5} = 12$ কি.মি.
 অতএব, শ্রোতের অনুকূলে নৌকার বেগ, $u + v = 12$ km/hr (i)
 এবং শ্রোতের প্রতিকূলে “ ” $u - v = 6$ km/hr (ii)
 (i) + (ii) করি, $2u = 18 \therefore u = 9$ km/hr
 u এর মান (i) নং এ বসিয়ে পাই, $9 + v = 12$
 $\Rightarrow v = 12 - 9 = 3$ km/hr
 \therefore শ্রোতের বেগ = 3 km/hr

5. A boat takes half time in moving a certain distance downstream than upstream. What is the ratio between the rate in still water and the rate of current? (একটি নৌকা নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করতে, শ্রোতের প্রতিকূলের থেকে অনুকূলে অর্ধেক সময় নেয়। স্থির পানিতে নৌকার বেগ ও শ্রোতের বেগের অনুপাত কত?)

- (a) 1 : 2 (b) 2 : 1 (c) 1 : 3 (d) 3 : 1 (d)

- ✓ সমাধান : সময়ের অনুপাত (প্রতিকূল : অনুকূল) = $1 : \frac{1}{2} = 2 : 1$
 যেহেতু, বেগ = $\frac{\text{দূরত্ব}}{\text{সময়}}$ অর্থাৎ বেগ ও সময় পরস্পর ব্যস্তানুপাতিক বা বিপরীতমুখী

তাই, বেগের অনুপাত (প্রতিকূল : অনুকূল)

$$\Rightarrow u - v : u + v = \frac{1}{2} : \frac{1}{1} = 1 : 2 \quad \left| \begin{array}{l} \text{অনুকূলে বেগ } u + v \\ \text{প্রতিকূলে বেগ } u - v \end{array} \right.$$

$$\Rightarrow \frac{u - v}{u + v} = \frac{1}{2} \Rightarrow \frac{u - v + u + v}{u - v - u - v} = \frac{1 + 2}{1 - 2} \quad [\text{যোজন বিয়োজন করে}]$$

$$\Rightarrow \frac{2u}{-2v} = \frac{3}{-1} \Rightarrow \frac{u}{v} = \frac{3}{1}$$

6. If a man goes 18 km downstream in 4 hours and return against the stream in 12 hours, then the speed of the stream in km/hr is (যদি একজন লোক শ্রোতের অনুকূলে 4 ঘন্টায় 18 কি.মি. যায় এবং শ্রোতের প্রতিকূলে 12 ঘন্টায় ফিরে আসে, তাহলে শ্রোতের বেগ কি.মি./ ঘন্টাতে কত?)

- (a) 1 (b) 1.5 (c) 1.75 (d) 3 (b)

- ✓ সমাধান : শ্রোতের অনুকূলে 4 ঘন্টায় যায় 18 কি.মি.
 \therefore “ ” 1 “ ” “ ” $= \frac{18}{4} = 4.5$ কি.মি.
 শ্রোতের প্রতিকূলে 12 ঘন্টায় ফিরে আসে 18 কি.মি.
 \therefore “ ” 1 “ ” “ ” $= \frac{18}{12} = 1.5$ কি.মি.

\therefore শ্রোতের অনুকূলে বেগ, $u + v = 4.5$ (i)
 শ্রোতের প্রতিকূলে “ ” $u - v = 1.5$ (ii)

(-) (+) (-)

(i) - (ii) করি, বা, $2v = 3$ কি.মি./ঘন্টা

$\Rightarrow v = \frac{3}{2} = 1.5$ কি.মি./ঘন্টা

7. A boatman goes 2 km against the current of the stream in 1 hour and goes 1 km along the current in 10 minutes. How long will it take to go 5 km in stationary water? (একজন মাঝি ঘন্টায় শ্রোতের প্রতিকূলে 2 কি.মি. যায় এবং শ্রোতের অনুকূলে 10 মিনিটে 1 কি.মি. যায়। স্থির পানিতে 5 কি.মি. যেতে কত সময় লাগবে?)

- (a) 40 minutes (b) 1 hour
 (c) 1 hr 15 min (d) 1 hr 30 min (c)

- ✓ সমাধান : শ্রোতের প্রতিকূলে বেগ, $u - v = 2$ (কি.মি./ঘন্টা) (i)
 শ্রোতের অনুকূলে 10 মিনিটে যায় 1 কি.মি.

\therefore “ ” “ ” 60 “ ” “ ” $= \frac{60 \times 1}{10} = 6$ কি.মি.

\therefore শ্রোতের অনুকূলে বেগ, $u + v = 6$ (কি.মি./ঘন্টা) (ii)

(i) + (ii) করে, $2u = 6 + 2 \Rightarrow u = \frac{8}{2} = 4$ কি.মি./ঘন্টা

স্থির পানিতে নৌকার বেগ = 4 কি.মি./ঘন্টা

স্থির পানিতে 5 কি.মি. যেতে সময় লাগে = $\frac{\text{দূরত্ব}}{\text{বেগ}} = \frac{5}{4} = 1\frac{1}{4}$

1 ঘন্টা + $\frac{1}{4} \times 60$ মিনিট = 1 ঘন্টা 15 মিনিট

8. A man can row $\frac{3}{4}$ of a km against the stream in $11\frac{1}{4}$ minutes and returns in $7\frac{1}{2}$ minutes. Find the speed of the man in still water. (একজন মাঝি শ্রোতের প্রতিকূলে $\frac{3}{4}$ কি.মি.

দূরত্ব $11\frac{1}{4}$ মিনিটে যায় এবং ফিরে আসে $7\frac{1}{2}$ মিনিটে। স্থির পানিতে মাঝির বেগ কত?)

- (a) 3 km/hr (b) 4 km/hr
 (c) 5 km/hr (d) 6 km/hr (c)

- ✓ সমাধান : প্রতিকূলে $11\frac{1}{4}$ বা $\frac{45}{4}$ মিনিটে যায় $= \frac{3}{4}$ কি.মি.

1 “ ” “ ” $= \frac{3}{4} \div \frac{45}{4}$

$\therefore 60$ “ ” “ ” $= \left(\frac{3}{4} \times \frac{4}{45}\right) \times 60$
 $= 4$ কি.মি.

অনুকূলে $7\frac{1}{2}$ বা $\frac{15}{2}$ মিনিটে যায় $= \frac{3}{4}$ কি.মি.

$\therefore 60$ “ ” “ ” $= \left(\frac{3}{4} \div \frac{15}{2}\right) \times 60$
 $= \left(\frac{3}{4} \times \frac{2}{15}\right) \times 60$
 $= 6$ কি.মি.

ধরি, $u =$ নৌকা বা মাঝির বেগ, $v =$ শ্রোতের বেগ

শ্রোতের অনুকূলে বেগ, $u + v = 6$ (i)

শ্রোতের প্রতিকূলে “ ” $u - v = 4$ (ii)

(i) + (ii) করি, বা, $2u = 10$ কি.মি./ঘন্টা

$\Rightarrow u = 5$ কি.মি./ঘন্টা

9. A boat, while going downstream in a river covered a distance of 50 miles at an average speed of 60 miles per hour. While returning, because of the water resistance, it took 1 hour 15 minutes to cover the same distance. What was the average speed during the whole journey?

(একটি নৌকা শ্রোতের অনুকূলে ঘন্টায় 60 মাইল গড় বেগে 50 মাইল দূরত্ব অতিক্রম করে। ফেরত আসার সময় শ্রোতের বাধার কারণে একই দূরত্ব 1 ঘন্টা 15 মিনিটে অতিক্রম করে। পুরো যাত্রায় নৌকার গড় গতিবেগ কত ছিল?)

- (a) 40 mph (b) 48 mph
 (c) 50 mph (d) 55 mph (b)

- ✓ সমাধান : শ্রোতের অনুকূলে 50 মাইল দূরত্ব 60 মাইল/ঘন্টা বেগে যেতে

সময় লাগে = $\frac{50}{60} = \frac{5}{6}$ hr $\left[\because \text{সময়} = \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}} \right]$

শ্রোতের প্রতিকূলে 50 মাইল যেতে সময় লাগে = 1 hr 15 min

$= 1 + \frac{15}{60} = 1 + \frac{1}{4} = \frac{5}{4}$ hr

$$\therefore \text{গড় গতিবেগ} = \frac{\text{মোট দূরত্ব}}{\text{মোট সময়}} = \frac{50 + 50}{\frac{5}{6} + \frac{5}{4}} = \frac{100}{\frac{10 + 15}{12}}$$

$$[\text{যাওয়া + আসায়, মোট দূরত্ব} = (50 + 50) = 100] \\ = 100 \times \frac{12}{25} = 48 \text{ mph}$$

10. A man swimming in a stream which flows $1\frac{1}{2}$ km/hr finds that in a given time he can swim twice as far with the stream as he can against it. At what rate does he swim?

(একটি নদীতে শ্রোতের গতি বেগ $1\frac{1}{2}$ কি.মি./ঘন্টা। একজন ব্যক্তি ঐ নদীতে সাতার কাটতে গিয়ে দেখলো, সে শ্রোতের প্রতিকূলের চেয়ে অনুকূলে দ্বিগুণ গতিতে সাতার কাটতে পারে। তার সাতারের গতিবেগ কত?)

- (a) $4\frac{1}{2}$ km/hr (b) $5\frac{1}{2}$ km/hr
(c) $7\frac{1}{2}$ km/hr (d) None of these

✓ সমাধান : শ্রোতের গতি, $v = 1\frac{1}{2} = \frac{3}{2}$ কি.মি./ঘন্টা

শর্তমতে, অনুকূলে বেগ = $2 \times$ প্রতিকূলে বেগ

$$\Rightarrow (u + v) = 2(u - v) \Rightarrow \left(u + \frac{3}{2}\right) = 2\left(u - \frac{3}{2}\right)$$

$$\Rightarrow u + \frac{3}{2} = 2u - 3 \Rightarrow 2u - u = 3 + \frac{3}{2} = \frac{6+3}{2} \Rightarrow u = \frac{9}{2} = 4\frac{1}{2}$$

11. A boat running upstream takes 8 hours 48 minutes to cover a certain distance, while it takes 4 hours to cover the same distance running downstream. What is the ratio between the speed of the boat and speed of the water current respectively? (একটি নৌকা একটি নির্দিষ্ট দূরত্ব শ্রোতের প্রতিকূলে ৪ ঘন্টা ৪৮ মিনিটে অতিক্রম করে। একই দূরত্ব শ্রোতের অনুকূলে ৪ ঘন্টায় অতিক্রম করে। নৌকার বেগ ও শ্রোতের গতিবেগের অনুপাত কত?)

- (a) 2 : 1 (b) 3 : 2
(c) 8 : 3 (d) Cannot be determined
(e) None of these

✓ সমাধান : ৪ ঘন্টা ৪৮ মিনিট = $8 + \frac{48}{60} = 8 + \frac{4}{5} = \frac{40+4}{5} = \frac{44}{5}$ ঘন্টা

উভয় ক্ষেত্রে নির্দিষ্ট দূরত্ব = (সময় \times বেগ)_{অনুকূলে}

= (সময় \times বেগ)_{প্রতিকূলে}

$$\Rightarrow 4 \times (u + v) = \frac{44}{5} (u - v)$$

$$\Rightarrow (u + v) = \frac{11}{5} (u - v) \quad [\text{উভয় পক্ষকে ৪ দ্বারা ভাগ করে}]$$

$$\Rightarrow u + v = \frac{11}{5} u - \frac{11}{5} v$$

$$\Rightarrow u - \frac{11}{5} u = -v - \frac{11}{5} v \Rightarrow u \left(1 - \frac{11}{5}\right) = -v \left(1 + \frac{11}{5}\right)$$

$$\Rightarrow u \times \frac{-6}{5} = -v \times \frac{16}{5} \Rightarrow \frac{u}{v} = \frac{16}{5} \times \frac{5}{6} \Rightarrow \frac{u}{v} = \frac{8}{3} \therefore u : v = 8 : 3$$

12. If a boat goes 7 km upstream in 42 minutes and the speed of the stream is 3 kmph, then the speed of the boat in still water is : (যদি একটি নৌকা শ্রোতের প্রতিকূলে ৪২ মিনিটে ৭ কি.মি যায় এবং শ্রোতের গতি ৩ কি.মি./ঘন্টা হয়, তাহলে স্থির পানিতে নৌকার বেগ কত?)

- (a) 4.2 km/hr (b) 9 km/hr
(c) 13 km/hr (d) 21 km/hr

✓ সমাধান : ৪২ মিনিটে শ্রোতের প্রতিকূলে যায় = ৭ কি.মি.

$$\therefore 1 \text{ " " " " " } = \frac{7}{42} \text{ " "}$$

$$\therefore 60 \text{ " " " " " } = \frac{7 \times 60}{42} = 10 \text{ কি.মি.}$$

দেওয়া আছে, শ্রোতের গতি, $v = 3$

ধরি, স্থির পানিতে নৌকার বেগ = u

\therefore শ্রোতের প্রতিকূলে বেগ, $u - 3 = 10$

$$\Rightarrow u = 10 + 3 = 13 \text{ কি.মি./ঘন্টা}$$

13. A man's speed with the current is 15 km/hr and the speed of the current is 2.5 km/hr. The man's speed against the current is : (একজন লোকের বেগ শ্রোতের অনুকূলে ১৫ কি.মি./ঘন্টা এবং শ্রোতের বেগ ২.৫ কি.মি./ঘন্টা। শ্রোতের প্রতিকূলে লোকটির গতি কত?)

- (a) 8.5 km/hr (b) 9 km/hr
(c) 10 km/hr (d) 12.5 km/hr

✓ সমাধান : অনুকূলে লোকের গতি, $u + v = 15$

এবং শ্রোতের গতি, $v = 2.5$

$$\therefore u = 15 - v = 15 - 2.5 = 12.5$$

প্রতিকূলে লোকের গতি = $u - v = 12.5 - 2.5 = 10 \text{ km/hr}$

14. If a man rows at the rate of 5 kmph in still water and his rate against the current is 3.5 kmph, then the man's rate along the current is : (যদি একজন লোক ঘন্টায় ৫ কি.মি. বেগে স্থির পানিতে চলে এবং শ্রোতের প্রতিকূলে তার বেগ ঘন্টায় ৩.৫ কি.মি. হয়। তাহলে শ্রোতের অনুকূলে লোকটির গতি কত?)

- (a) 4.25 kmph (b) 6 kmph
(c) 6.5 kmph (d) 8.5 kmph

✓ সমাধান : স্থির পানিতে লোকের গতি, $u = 5$ (কি.মি./ঘন্টা)

প্রতিকূলে গতি, $u - v = 3.5 \Rightarrow 5 - v = 3.5 \Rightarrow v = 5 - 3.5 = 1.5$

\therefore অনুকূলে লোকটির গতি = $u + v = 5 + 1.5 = 6.5 \text{ km/hr}$

15. A motorboat in still water travels at a speed of 36 km/hr. It goes 56 km upstream in 1 hour 45 minutes. The time taken by it to cover the same distance down the stream will be (একটি ইঞ্জিন চালিত নৌকা স্থির পানিতে ঘন্টায় ৩৬ কি.মি. বেগে ভ্রমণ করে। এটি শ্রোতের প্রতিকূলে ৫৬ কি.মি. যায় ১ ঘন্টা ৪৫ মিনিটে। তাহলে শ্রোতের অনুকূলে একই দূরত্ব অতিক্রম করতে কত সময় লাগবে?)

- (a) 1 hour 24 minutes (b) 2 hour 21 minutes
(c) 2 hour 25 minutes (d) 3 hour

✓ সমাধান : স্থির পানিতে নৌকার বেগ, $u = 36$ (কি.মি./ঘন্টা)

$$\text{আবার, ১ ঘন্টা ৪৫ মিনিট বা } 1 + \frac{45}{60} = 1 + \frac{3}{4} = \frac{7}{4} \text{ ঘন্টা}$$

প্রতিকূলে, $\frac{7}{4}$ ঘন্টায় যায় ৫৬ কি.মি.

$$\therefore 1 \text{ " " " } \frac{56 \times 4}{7} = 32 \text{ ঘন্টা}$$

প্রতিকূলে বেগ, $u - v = 32$

$$\Rightarrow 36 - v = 32 \Rightarrow v = 36 - 32 = 4 \text{ (কি.মি./ঘন্টা)}$$

অনুকূলে বেগ, $u + v = 36 + 4 = 40$ (কি.মি./ঘন্টা)

$$\text{অনুকূলে সময়} = \frac{\text{দূরত্ব}}{\text{অনুকূলে বেগ}} = \frac{56}{40} = \frac{7}{5} = 1\frac{2}{5}$$

এখন, $1\frac{2}{5}$ ঘন্টা = ১ ঘন্টা + $\frac{2}{5} \times 60$ মিনিট = ১ ঘন্টা ২৪ মিনিট

16. Speed of boat in standing water is 9 kmph and the speed of the stream is 1.5 kmph. A man rows to a place at a distance of 105 km and comes back to the starting point. The total time taken by him is : (স্থির পানিতে একটি নৌকার বেগ ঘন্টায় 9 কি.মি. এবং শ্রোতের বেগ ঘন্টায় 1.5 কি.মি.। তাহলে একজন ব্যক্তির 105 কি.মি. যেতে এবং ফিরে আসতে মোট কত সময় লাগবে?)

- (a) 16 hours (b) 18 hours
(c) 20 hours (d) 24 hours

✓ সমাধান : অনুকূলে নৌকার বেগ = $u + v = 9 + 1.5 = 10.5$
প্রতিকূলে " " = $u - v = 9 - 1.5 = 7.5$

মোট সময় = অনুকূলে সময় + প্রতিকূলে সময়

$$= \left(\frac{105}{10.5} + \frac{105}{7.5} \right) \left[\because \text{সময়} = \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}} \right]$$

$$= 10 + 14 = 24 \text{ ঘন্টা}$$

17. The speed of a boat in still water is 15 km/hr and the rate of current is 3 km/hr. The distance travelled downstream in 12 minutes is : (স্থির পানিতে একটি নৌকার বেগ 15 কি.মি. ঘন্টা এবং শ্রোতের বেগ 3 কি.মি./ঘন্টা। শ্রোতের অনুকূলে 12 মিনিটে নৌকাটি কতটুকু দূরত্ব অতিক্রম করবে?)

- (a) 1.2 km (b) 1.8 km
(c) 2.4 km (d) 3.6 km

✓ সমাধান : স্থির পানিতে নৌকার বেগ, $u = 15$ (কি.মি./ঘন্টা)
শ্রোতের বেগ, $v = 3$ (কি.মি./ঘন্টা)


শ্রোতের অনুকূলে নৌকার বেগ = $u + v = 15 + 3 = 18$ (কি.মি./ঘন্টা)
∴ 1 ঘন্টায় বা 60 মিনিটে শ্রোতের অনুকূলে যায় = 18 কি.মি.

$$\therefore 1 \text{ " " " " } = \frac{18}{60} \text{ কি.মি.}$$

$$\therefore 12 \text{ " " " " } = \frac{12 \times 18}{60} = 3.6 \text{ কি.মি.}$$

18. A man can row at 5 kmph in still water. If the velocity of current is 1 kmph and it takes him 1 hour to row to a place and come back, how far is the place? (একজন ব্যক্তি স্থির পানিতে ঘন্টায় 5 কি.মি. যেতে পারে। যদি শ্রোতের বেগ 1 কি.মি./ঘন্টা হয় তাহলে একটি নির্দিষ্ট স্থানে গিয়ে ফিরে আসতে 1 ঘন্টা সময় লাগে। স্থানটির দূরত্ব কত?)

- (a) 2.4 km (b) 2.5 km
(c) 3 km (d) 3.6 km

✓ সমাধান : 

শ্রোতের অনুকূলে নৌকার বেগ = $u + v = 5 + 1 = 6$ (কি.মি./ঘন্টা)

শ্রোতের প্রতিকূলে " " = $u - v = 5 - 1 = 4$ (কি.মি./ঘন্টা)

ধরি, দূরত্ব = x কি.মি.

শর্তমতে, অনুকূলে সময় + প্রতিকূলে সময় = মোট সময়


$$\Rightarrow \frac{x}{6} + \frac{x}{4} = 1 \left[\because \text{সময়} = \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}} \right]$$

$$\Rightarrow \frac{2x + 3x}{12} = 1 \Rightarrow \frac{5x}{12} = 1 \Rightarrow x = \frac{12}{5} = 2.4 \text{ কি.মি.}$$

19. A boat takes 19 hours for travelling downstream from point A to point B and coming back to a point C midway between A and B. If the velocity of the stream is 4 kmph and the speed of the boat in still water is 14 kmph, What is the distance between A and B? (শ্রোতের অনুকূলে একটি নৌকা স্থান A থেকে B স্থানে গিয়ে উক্ত দুই স্থানের মধ্যবর্তী স্থান C তে ফিরে আসতে 19 ঘন্টা সময় লাগে। যদি শ্রোতের বেগ 4 কি.মি./ঘন্টা হয় এবং স্থির পানিতে নৌকার বেগ 14 কি.মি./ ঘন্টা হয়। তাহলে A থেকে B-এর দূরত্ব কত?)

- (a) 160 km (b) 180 km
(c) 200 km (d) 220 km

✓ সমাধান :



ধরি, মোট দূরত্ব = x কি.মি.

শ্রোতের অনুকূলে বেগ = $u + v = 14 + 4 = 18$ (কি.মি./ঘন্টা)

প্রতিকূলে " " = $u - v = 14 - 4 = 10$ (কি.মি./ঘন্টা)

শর্তমতে,

A হতে B অনুকূলে যেতে সময় + B হতে C তে প্রতিকূলে যেতে সময় = মোট সময়


$$\Rightarrow \frac{x}{18} + \frac{\frac{x}{2}}{10} = 19 \Rightarrow \frac{x}{18} + \frac{x}{20} = 19$$

$$\Rightarrow \frac{10x + 9x}{180} = 19 \left[\because \text{সময়} = \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}} \right]$$

$$\Rightarrow \frac{19x}{180} = 19 \Rightarrow x = \frac{19 \times 180}{19} = 180 \text{ কি.মি.}$$

20. P, Q and R are three towns on a river which flows uniformly. Q is equidistant from P and R. I row from P to Q and back in 10 hours and I can row from P to R in 4 hours. Compare the speed of my boat in still water with that of the river. (P, Q এবং R এর একটি নদীর পার্শ্ববর্তী তিনটি শহর। Q, P এবং R এর থেকে সম-দূরত্বে অবস্থিত। P থেকে Q-তে গিয়ে ফিরে আসতে আমার 10 ঘন্টা সময় লাগে এবং P থেকে R এ যেতে আমার সময় লাগে 4 ঘন্টা। তাহলে স্থির পানিতে আমার নৌকার বেগ এবং শ্রোতের বেগের অনুপাত কত?)

- (a) 4 : 3 (b) 5 : 3
(c) 6 : 5 (d) 7 : 3

✓ সমাধান : P হতে Q তে গিয়ে 

শর্তমতে, অনুকূলে সময় + প্রতিকূলে সময় = মোট সময়

$$\Rightarrow \frac{x}{u + v} + \frac{x}{u - v} = 10 \left[\begin{array}{l} \text{অনুকূলে বেগ} = u + v \\ \text{প্রতিকূলে বেগ} = u - v \end{array} \right]$$

$$\Rightarrow x \left(\frac{1}{u + v} + \frac{1}{u - v} \right) = 10 \Rightarrow x \times \frac{u - v + u + v}{(u + v)(u - v)} = 10$$

$$\Rightarrow x \times \frac{2u}{(u + v)(u - v)} = 10 \Rightarrow x = \frac{5(u + v)(u - v)}{u}$$

আবার, শ্রোতের অনুকূলে P হতে R তে যেতে সময় লাগে 4 ঘন্টা

শর্তমতে, $\frac{2x}{u + v} = 4$ [∵ মোট দূরত্ব = $x + x = 2x$, অনুকূলে বেগ = $u + v$]

$$\Rightarrow \frac{2}{u + v} \times x = 4$$

$$\Rightarrow \frac{2}{(u + v)} \times \frac{5(u + v)(u - v)}{u} = 4$$

$$\Rightarrow \frac{10(u - v)}{u} = 4$$

$$\Rightarrow \frac{u - v}{u} = \frac{4}{10} = \frac{2}{5}$$

$$\Rightarrow \frac{u}{u} - \frac{v}{u} = \frac{2}{5} \Rightarrow 1 - \frac{v}{u} = \frac{2}{5}$$

$$\Rightarrow \frac{v}{u} = 1 - \frac{2}{5} = \frac{5 - 2}{5} = \frac{3}{5}$$

$$\therefore \frac{u}{v} = \frac{5}{3}$$

[x এর মান বসিয়ে, লক্ষ্য করুন]

আমাদের $\frac{u}{v}$ এর মান প্রয়োজন,

এখানে x বামোলা করছে তাই x এর মান u ও v এর মাধ্যমে এখানে বসানো হয়েছে]

21. A man can row $9\frac{1}{3}$ kmph in still water and finds that it takes him thrice as much time to row up than as to row down the same distance in the river. The speed of the current is :

(একজন লোক স্থির পানিতে ঘন্টায় $9\frac{1}{3}$ কি.মি যেতে পারে এবং শ্রোতের অনুকূলে একটি নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করতে যে সময় লাগে শ্রোতের প্রতিকূলে ঐ দূরত্ব অতিক্রম করতে তিনগুণ সময় লাগে। শ্রোতের বেগ কত?)

- (a) $3\frac{1}{3}$ km/hr (b) $3\frac{1}{9}$ km/hr
(c) $4\frac{2}{3}$ km/hr (d) $4\frac{1}{2}$ km/hr

✓ সমাধান : স্থির পানিতে লোকের বেগ, $u = 9\frac{1}{3} = \frac{28}{3}$ (কি.মি./ঘন্টা)

ধরি, নির্দিষ্ট দূরত্ব = x

শর্তমতে, অনুকূলে সময় = $3 \times$ প্রতিকূলে সময়

$$\Rightarrow \frac{x}{u+v} = \frac{3x}{u-v} \quad \left[\begin{array}{l} \therefore \text{সময়} = \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}} \\ \text{অনুকূলে বেগ} = u+v \\ \text{প্রতিকূলে বেগ} = u-v \end{array} \right]$$

$$\Rightarrow 3u + 3v = u - v \Rightarrow 3v + v = u - 3u \Rightarrow 4v = -2u$$

$$\Rightarrow v = -\frac{u}{2} = -\frac{\frac{28}{3}}{2} = -\frac{28}{6} = -4\frac{2}{3} \text{ (কি.মি./ঘন্টা)} \quad \left[\therefore u = \frac{28}{3} \right]$$

[যেহেতু নৌকার বেগ ও শ্রোতের বেগ বিপরীতমুখী তাই v এর মান ঋনাত্মক এসেছে]

22. A boat takes 8 hours to cover a distance while travelling upstream, whereas while travelling downstream it takes 6 hours. If the speed of the current is 4 kmph, what is the speed of the boat in still water?

(একটি নৌকা শ্রোতের প্রতিকূলে ৪ ঘন্টায় একটি নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করে। যেখানে অনুকূলে সময় লাগে ৬ ঘন্টা। শ্রোতের গতি ঘন্টায় ৪ কি.মি. হলে স্থির পানিতে নৌকার বেগ কত?)

- (a) 12 kmph (b) 16 kmph
(c) 28 kmph (d) Cannot be determined
(e) None of these

✓ সমাধান : আমরা জানি, নির্দিষ্ট দূরত্ব

= অনুকূলে বেগ \times অনুকূলে সময় = প্রতিকূলে বেগ \times প্রতিকূলে সময়

$$\Rightarrow (u+v) \times 6 = (u-v) \times 8$$

$$\Rightarrow (u+4) \times 6 = (u-4) \times 8 \quad [\therefore \text{শ্রোতের গতি, } v = 4]$$

$$\Rightarrow 6u + 24 = 8u - 32$$

$$\Rightarrow 2u = 24 + 32 = 56 \Rightarrow u = \frac{56}{2} = 28 \text{ (কি.মি./ঘন্টা)}$$

23. A motor boat can travel at 10 km/hr in still water. It travelled 91 km downstream in a river and then returned taking altogether 20 hours. Find the rate of flow of the river.

(একটি ইঞ্জিনচালিত নৌকা স্থির পানিতে ঘন্টায় ১০ কি.মি. ভ্রমণ করতে পারে। শ্রোতের অনুকূলে ৯১ কি.মি. দূরত্ব অতিক্রম করে আবার ফিরে আসতে মোট ২০ ঘন্টা সময় লাগে। শ্রোতের বেগ কত?)

- (a) 3 km/hr (b) 5 km/hr
(c) 6 km/hr (d) 8 km/hr

✓ সমাধান : স্থির পানিতে নৌকার বেগ = ১০ কি.মি./ঘন্টা
ধরি, শ্রোতের বেগ = v কি.মি./ঘন্টা

\therefore অনুকূলে নৌকার বেগ = $10 + v$ কি.মি./ঘন্টা

প্রতিকূলে নৌকার বেগ = $10 - v$ কি.মি./ঘন্টা

শর্তমতে, অনুকূলে সময় + প্রতিকূলে সময় = মোট সময়

$$\Rightarrow \frac{91}{10+v} + \frac{91}{10-v} = 20$$

$$\Rightarrow \frac{91(10-v+10+v)}{(10+v)(10-v)} = 20 \Rightarrow \frac{91 \times 20}{10^2 - v^2} = 20$$

$$\Rightarrow 91 = 100 - v^2 \Rightarrow v^2 = 9 \therefore v = 3 \text{ (কি.মি./ঘন্টা)}$$

24. The speed of a boat in still water is 10 km/hr. If it can travel 26 km downstream and 14 km upstream in the same time, the speed of the stream is :

(স্থির পানিতে নৌকার গতিবেগ ঘন্টায় ১০ কি.মি.। যদি নৌকাটি শ্রোতের অনুকূলে ২৬ কি.মি. এবং শ্রোতের প্রতিকূলে ১৪ কি.মি. ভ্রমণে সমান সময় লাগে, তবে শ্রোতের গতিবেগ কত?)

- (a) 2 km/hr (b) 2.5 km/hr
(c) 3 km/hr (d) 4 km/hr

✓ সমাধান : স্থির পানিতে নৌকার গতিবেগ = ১০ কি.মি./ঘন্টা

শ্রোতের গতিবেগ = v

\therefore অনুকূলে বেগ = $10 + v$

প্রতিকূলে বেগ = $10 - v$

শর্তমতে, অনুকূলে সময় = প্রতিকূলে সময়

$$\Rightarrow \frac{26}{10+v} = \frac{14}{10-v} \quad \left[\therefore \text{সময়} = \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}} \right]$$

$$\Rightarrow \frac{13}{10+v} = \frac{7}{10-v}$$

$$\Rightarrow 70 + 7v = 130 - 13v \Rightarrow 20v = 60 \Rightarrow v = 3 \text{ (কি.মি./ঘন্টা)}$$

25. A boat takes 90 minutes less to travel 36 miles downstream than to travel the same distance upstream. If the speed of the boat in still water is 10 mph, the speed of the stream is :

(একটি নৌকার শ্রোতের প্রতিকূলে ৩৬ মাইল দূরত্ব অতিক্রম করতে যে সময় লাগে শ্রোতের অনুকূলে ঐ একই দূরত্ব অতিক্রম করতে নৌকাটির ৯০ মিনিট কম সময় লাগে। যদি স্থির পানিতে নৌকার গতিবেগ ঘন্টায় ১০ মাইল হয়। তাহলে শ্রোতের বেগ-)

- (a) 2 mph (b) 2.5 mph
(c) 3 mph (d) 4 mph

✓ সমাধান : স্থির পানিতে নৌকার বেগ = ১০ মাইল/ঘন্টা

শ্রোতের বেগ = v

অনুকূলে গতি = $10 + v$

প্রতিকূলে গতি = $10 - v$

যেহেতু, প্রতিকূলে নৌকার সময় বেশি লাগে।

তাই শর্তমতে, প্রতিকূলে সময় - অনুকূলে সময় = সময় ব্যবধান

$$\Rightarrow \frac{36}{10-v} - \frac{36}{10+v} = \frac{90}{60} = \frac{3}{2}$$

$$\Rightarrow \frac{1}{10-v} - \frac{1}{10+v} = \frac{3}{2 \times 36} \quad [\text{উভয় পক্ষকে ৩৬ দ্বারা ভাগ করে}]$$

$$\Rightarrow \frac{10+v-10+v}{(10-v)(10+v)} = \frac{1}{24} \Rightarrow \frac{2v}{100-v^2} = \frac{1}{24}$$

$$\Rightarrow 48v = 100 - v^2 \Rightarrow v^2 + 48v - 100 = 0$$

$$\Rightarrow v^2 + 50v - 2v - 100 = 0 \Rightarrow v(v+50) - 2(v+50) = 0$$

$$\Rightarrow (v+50)(v-2) = 0 \therefore v = -50, v = 2$$

যেহেতু শ্রোতের বেগ নৌকার বেগ হতে বেশি হতে পারে না। তাই $v = -50$ গ্রহণযোগ্য নয়। \therefore শ্রোতের বেগ = ২ (মাইল/ঘন্টা)

26. A man rows to a place 48 km distant and back in 14 hours. He finds that he can row 4 km with the stream in the same time as 3 km against the stream. The rate of the stream is : (একজন লোক দাঁড় বেয়ে 48 কি.মি. দূরত্বের এক জায়গায় গিয়ে আবার ফিরে আসতে সময় লাগে 14 ঘণ্টা। সে লক্ষ করল যে, তার শ্রোতের অনুকূলে 4 কি.মি. এবং শ্রোতের প্রতিকূলে 3 কি.মি. যেতে একই সময় লাগে। শ্রোতের বেগ কত?)

- (a) 1 km/hr (b) 1.5 km/hr
(c) 1.8 km/hr (d) 3.5 km/hr

✓ সমাধান : ধরি, ঐ নির্দিষ্ট সময় = t ঘণ্টা

অনুকূলে t ঘণ্টায় যায় = 4 কি.মি.

$$\therefore \text{ " 1 " " } = \frac{4}{t} \text{ "}$$

$$\therefore \text{ অনুকূল বেগ } = \frac{4}{t} \text{ কি.মি./ঘণ্টা}$$

অনুরূপভাবে, প্রতিকূলে বেগ = $\frac{3}{t}$ কি.মি./ঘণ্টা

শর্তমতে, অনুকূলে সময় + প্রতিকূলে সময় = মোট সময়

$$\Rightarrow \frac{48}{4} + \frac{48}{3} = 14 \Rightarrow \frac{48 \times t}{4} + \frac{48 \times t}{3} = 14$$

$$\Rightarrow 12t + 16t = 14 \Rightarrow 28t = 14 \Rightarrow t = \frac{14}{28} = \frac{1}{2} \text{ (ঘণ্টা)}$$

$$\therefore \text{ শ্রোতের অনুকূলে বেগ, } u + v = \frac{4}{1/2} = 8$$

$$\text{শ্রোতের প্রতিকূলে বেগ, } u - v = \frac{3}{1/2} = 6$$

$$\begin{array}{r} (-) (+) \\ \hline \end{array}$$

$$\text{বিয়োগ করে পাই, } 2v = 2 \therefore v = 2/2 = 1 \text{ (কি.মি./ঘণ্টা)}$$

27. A boat covers 24 km upstream and 36 km downstream in 6 hours while it covers 36 km upstream and 24 km downstream in $6\frac{1}{2}$ hours. The velocity of the current is

(একটি নৌকা 6 ঘণ্টায় শ্রোতের প্রতিকূলে 24 কি.মি. এবং শ্রোতের অনুকূলে 36 কি.মি. যেতে পারে আবার এটি $6\frac{1}{2}$ ঘণ্টায় শ্রোতের প্রতিকূলে 36 কি.মি. এবং অনুকূলে 24 কি.মি. দূরত্ব অতিক্রম করে। শ্রোতের গতিবেগ-)

- (a) 1 km/hr (b) 1.5 km/hr
(c) 2 km/hr (d) 2.5 km/hr

✓ সমাধান : ধরি, স্থির পানিতে নৌকার বেগ = u এবং শ্রোতের বেগ = v

1ম শর্তমতে, প্রতিকূলে সময় + অনুকূলে সময় = মোট সময়

$$\Rightarrow \frac{24}{u-v} + \frac{36}{u+v} = 6 \left[\because \text{সময়} = \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}} \right]$$

আবার 2য় শর্তমতে, প্রতিকূলে সময় + অনুকূলে সময় = মোট সময়

$$\Rightarrow \frac{36}{u-v} + \frac{24}{u+v} = 6\frac{1}{2} = \frac{13}{2}$$

Simple করার জন্য ধরি, $u - v = x$ এবং $u + v = y$

$$\therefore \frac{24}{x} + \frac{36}{y} = 6 \dots \dots \dots (i)$$

$$\frac{36}{x} + \frac{24}{y} = \frac{13}{2} \dots \dots \dots (ii)$$

(i) নং হতে পাই,

$$\frac{4}{x} + \frac{6}{y} = 6 \text{ [উভয় পক্ষকে 6 দ্বারা ভাগ করে]}$$

$$\Rightarrow \frac{4}{x} = 6 - \frac{6}{y} \Rightarrow \frac{1}{x} = \frac{1}{4} \left(1 - \frac{6}{y} \right) \dots \dots \dots (iii)$$

$\frac{1}{x}$ এর মান (ii) নং এ বসিয়ে পাই-

$$36 \times \frac{1}{4} \left(1 - \frac{6}{y} \right) + \frac{24}{y} = \frac{13}{2}$$

$$\Rightarrow 9 \left(1 - \frac{6}{y} \right) + \frac{24}{y} = \frac{13}{2} \Rightarrow 9 - \frac{54}{y} + \frac{24}{y} = \frac{13}{2}$$

$$\Rightarrow \frac{-54 + 24}{y} = \frac{13}{2} - 9 \Rightarrow \frac{-30}{y} = \frac{13 - 18}{2} = \frac{-5}{2}$$

$$\Rightarrow \frac{y}{30} = \frac{2}{5} \Rightarrow y = \frac{2}{5} \times 30 = 12 \text{ কি.মি/ঘণ্টা}$$

y এর মান (iii) নং এ বসিয়ে পাই-

$$\frac{1}{x} = \frac{1}{4} \left(1 - \frac{6}{12} \right) = \frac{1}{4} \times \left(1 - \frac{1}{2} \right) = \frac{1}{4} \times \frac{1}{2} = \frac{1}{8} \Rightarrow x = 8$$

$\therefore u + v = 12$ (y এর মান)

এবং $u - v = 8$ (x এর মান)

$$\begin{array}{r} (-) (+) \\ \hline \end{array}$$

$$2v = 4 \text{ [বিয়োগ করে পাই]}$$

$\therefore v = 2$ \therefore শ্রোতের গতিবেগ = 2 কি.মি./ঘণ্টা

28. A boat goes 30 km upstream and 44 km downstream in 10 hours. In 13 hours, it can go 40 km upstream and 55 km downstream. The speed of the boat in still water is (একটি নৌকা 10 ঘণ্টায় শ্রোতের প্রতিকূলে 30 কি.মি. এবং শ্রোতের অনুকূলে 44 কি.মি. যায়। নৌকাটি 13 ঘণ্টায় শ্রোতের প্রতিকূলে 40 কি.মি. এবং অনুকূলে 55 কি.মি. যেতে পারে। স্থির পানিতে নৌকার গতিবেগ-)

- (a) 3 km/hr (b) 4 km/hr
(c) 8 km/hr (d) None of these

✓ সমাধান : 1ম শর্তমতে,

প্রতিকূলে সময় + অনুকূলে সময় = মোট সময়

$$\therefore \frac{30}{u-v} + \frac{44}{u+v} = 10 \left[\because \text{সময়} = \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}} \right]$$

ধরি, প্রতিকূলে বেগ = $u - v = x$

অনুকূলে বেগ = $u + v = y$

$$\Rightarrow \frac{30}{x} + \frac{44}{y} = 10 \dots \dots \dots (i)$$

$$2য় \text{ শর্তমতে, } \frac{40}{u-v} + \frac{55}{u+v} = 13$$

$$\Rightarrow \frac{40}{x} + \frac{55}{y} = 13 \dots \dots \dots (ii)$$

(i) নং হতে পাই,

$$\frac{30}{x} + \frac{44}{y} = 10$$

$$\Rightarrow \frac{30}{x} = 10 - \frac{44}{y} \Rightarrow \frac{1}{x} = \frac{1}{30} \left(10 - \frac{44}{y} \right) \dots \dots \dots (iii)$$

$\frac{1}{x}$ এর মান (ii) নং এ বসিয়ে পাই-

$$40 \times \frac{1}{30} \left(10 - \frac{44}{y} \right) + \frac{55}{y} = 13$$

$$\Rightarrow \frac{4}{3} \left(10 - \frac{44}{y} \right) + \frac{55}{y} = 13$$

$$\Rightarrow \frac{40}{3} - \frac{44 \times 4}{3y} + \frac{55}{y} = 13 \Rightarrow \frac{-44 \times 4 + 55 \times 3}{3y} = 13 - \frac{40}{3}$$

$$\Rightarrow \frac{-11}{3y} = \frac{39 - 40}{3} \Rightarrow \frac{3y}{11} = \frac{3}{1} \Rightarrow y = 11$$

y এর মান (iii) নং এ বসিয়ে পাই-

$$\frac{1}{x} = \frac{1}{30} \left(10 - \frac{44}{11} \right) = \frac{1}{30} \times 6 \Rightarrow x = 5$$

$$\therefore u + v = 11$$

$$u - v = 5$$

$$2u = 16 \text{ [যোগ করে]}$$

$$\therefore u = 8$$

29. At his usual rowing rate, Rahul can travel 12 miles downstream in a certain river in 6 hours less than it takes him to travel the same distance upstream. But if he could double his usual rowing rate for his 24 mile round trip, the downstream 12 miles would then take only one hour less than the upstream 12 miles. What is the speed of the current in miles per hour? (রাহুল একটি নির্দিষ্ট গতিতে 12 মাইল গিয়ে ফিরে আসার সময় লক্ষ্য করলো শ্রোতের প্রতিকূলে যতক্ষণ সময় লাগে শ্রোতের অনুকূলে তার চেয়ে 6 ঘন্টা সময় কম লাগে। যদি তার গতি দ্বিগুন হতো তাহলে এই 24 মাইল দূরত্বের ক্ষেত্রে অনুকূলের 12 মাইল যেতে প্রতিকূলের 12 মাইল যাওয়ার সময়ের চাইতে 1 ঘন্টা কম সময় লাগতো। শ্রোতের বেগ কত মাইল/ঘন্টা?)

(a) $1\frac{1}{3}$

(b) $1\frac{2}{3}$

(c) $2\frac{1}{3}$

(d) $2\frac{2}{3}$

- ✓ সমাধান : ধরি, স্থির পানিতে রাহুলের গতিবেগ = u (মাইল/ঘন্টা)
শ্রোতের গতিবেগ = v (মাইল/ঘন্টা)
দূরত্ব = 12 (মাইল)

যেহেতু প্রতিকূলে বেশি সময় লাগে,

তাই ১ম শর্তমতে, প্রতিকূলে সময় - অনুকূলে সময় = সময় ব্যবধান

$$\therefore \frac{12}{u-v} - \frac{12}{u+v} = 6 \quad [\because \text{সময়} = \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}}]$$

$$\Rightarrow \frac{2}{u-v} - \frac{2}{u+v} = 1 \quad [\text{উভয় পক্ষকে 6 দ্বারা ভাগ করে}]$$

$$\Rightarrow \frac{2(u+v) - 2(u-v)}{(u-v)(u+v)} = 1 \Rightarrow \frac{2u+2v-2u+2v}{u^2-v^2} = 1$$

$$\Rightarrow 4v = u^2 - v^2 \dots\dots\dots (i)$$

আবার, রাহুলের গতিবেগ = 2u হলে,

$$\therefore \text{শ্রোতের প্রতিকূলে তার বেগ} = 2u - v$$

$$\text{শ্রোতের অনুকূলে তার বেগ} = 2u + v$$

২য় শর্তমতে, প্রতিকূলে সময় - অনুকূলে সময় = সময় ব্যবধান

$$\therefore \frac{12}{2u-v} - \frac{12}{2u+v} = 1$$

$$\Rightarrow \frac{12\{(2u+v) - (2u-v)\}}{(2u-v)(2u+v)} = 1 \Rightarrow \frac{12\{2u+v-2u+v\}}{4u^2-v^2} = 1$$

$$\Rightarrow 24v = 4u^2 - v^2 \dots\dots\dots (ii)$$

u^2 কে বাদ দেয়ার জন্য (i) $\times 4$ - (ii) করি

$$16v = 4u^2 - 4v^2$$

$$24v = 4u^2 - v^2$$

$$\begin{array}{r} (-) \quad (-) \quad (+) \\ \hline -8v = -3v^2 \end{array}$$

$$\Rightarrow 3v = 8 \Rightarrow v = \frac{8}{3} \therefore \text{শ্রোতের বেগ} = \frac{8}{3} = 2\frac{2}{3}$$

30. A man can swim in still water at a rate of 4 km/hr. The width of the river is 1 km. How long will he take to cross the river straight, if the speed of the current is 3 km/hr? (একজন লোক স্থির পানিতে ঘন্টায় 4 কি.মি. বেগে সোতার কাটতে পারে। নদীর প্রস্থ 1 কি.মি. হলে এবং শ্রোতের বেগ 3 কি.মি./ঘন্টা হলে, নদীটি পার হতে কতক্ষণ সময় লাগবে?)

(a) 10 min

(b) 15 min


(c) 18 min

(d) 20 min

- ✓ সমাধান : নদীর প্রস্থ বরাবর লোকের বেগ = 4 km/hr

নদীর প্রস্থ বা দূরত্ব = 1 km

$$\therefore \text{সময়} = \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}} = \frac{1}{4} \text{ hr} = \frac{1}{4} \times 60 = 15 \text{ min}$$



31. A man wishes to cross a river perpendicularly. In still water he takes 4 minutes to cross the river, but in flowing river he takes 5 minutes. If the river is 100 metres wide, the velocity of the following water of the river is (একজন ব্যক্তি লম্বভাবে একটি নদী পার হতে চায়। স্থির পানিতে নদীটি পার হতে তার 4 মিনিট লাগে কিন্তু প্রবাহমান নদীতে তার 5 মিনিট লাগে। যদি নদীটি 100 মি. প্রশস্ত হয়, তাহলে শ্রোতের বেগ কত?)

(a) 10 m/min


(b) 15 m/min

(c) 20 m/min

(d) 30 m/min

- ✓ সমাধান : স্থির পানিতে লোকটির বেগ, $u = \frac{\text{দূরত্ব}}{\text{সময়}} = \frac{100 \text{ মিটার}}{4 \text{ মিনিট}} = 25 \text{ মিটার/মিনিট}$

শ্রোত বিবেচনা করলে, পাশের চিত্রে, লোকটি u বেগে OA বরাবর চলতে চেষ্টা করছে। শ্রোতের বেগ V এর জন্য সে OA পথে না গিয়ে প্রকৃতপক্ষে OD বরাবর লম্বভাবে R বেগে নদী পার হতে পেরেছে। OA এর সমান ও সমান্তরাল সরলরেখা BD অঙ্কন করি। তাহলে BD রেখা লোকটির গতিবেগ u নির্দেশ করে।



লম্বিবেগ, $R = \frac{100}{5} = 20 \text{ মিটার/মিনিট}$ [∵ শ্রোত থাকলে সময় = 5 মিনিট]

$$\text{OBD ত্রিভুজে, } u^2 = R^2 + v^2$$

$$\Rightarrow v = \sqrt{u^2 - R^2} = \sqrt{25^2 - 20^2} = \sqrt{225} = 15 \text{ মিটার/মিনিট}$$

32. A man can row upstream at 10 kmph and downstream at 18 kmph. Find the man's rate in still water? (একজন লোক শ্রোতের প্রতিকূলে 10 কি.মি./ঘন্টা এবং অনুকূলে 18 কি.মি./ঘন্টা বেগে যেতে পারে। তাহলে স্থির পানিতে তার বেগ কত?)

(a) 14 kmph

(b) 4 kmph

(c) 12 kmph

(d) 10 kmph

- ✓ সমাধান : প্রতিকূলে লোকটির বেগ, $u - v = 10$

$$\text{অনুকূলে লোকটির বেগ, } u + v = 18$$

$$\text{যোগ করে, } 2u = 28 \therefore u = 14$$

33. A man takes 2.2 times as long to row a distance upstream as to row the same distance downstream. If he can row 55 km downstream in 2 hours 30 minutes, what is the speed of the boat in still water? (একজন লোক শ্রোতের অনুকূলে একটি নির্দিষ্ট দূরত্ব যত সময়ে অতিক্রম করতে পারে, শ্রোতের প্রতিকূলে 2.2 গুন সময় বেশি লাগে। যদি তিনি শ্রোতের অনুকূলে 2 ঘন্টা 30 মিনিটে 55 কি.মি. যেতে পারে, স্থির পানিতে তার বেগ কত?)

(a) 40 km/h

(b) 8 km/h

(c) 16 km/h

(d) 24 km/hr

✓ সমাধান : 2 ঘন্টা 30 মিনিট = $2 + \frac{30}{60} = 2 + \frac{1}{2} = \frac{5}{2}$ ঘন্টা

শ্রোতের অনুকূলে $\frac{5}{2}$ ঘন্টায় যায় = 55 কি.মি.

$$\therefore 1 \text{ " " " " } = \frac{55}{\frac{5}{2}} = 55 \times \frac{2}{5} = 22 \text{ কি.মি.}$$

\therefore অনুকূলে শ্রোতের বেগ, $u + v = 22 \dots \dots \dots$ (i)

ধরি, দূরত্ব = x

1ম শর্ত, প্রতিকূলে সময় = $2.2 \times$ অনুকূলে সময়

$$\Rightarrow \frac{x}{u-v} = 2.2 \times \frac{x}{u+v}$$

$$\Rightarrow \frac{1}{u-v} = \frac{2.2}{u+v} \left[\because \text{সময়} = \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}} \right]$$

$$\Rightarrow \frac{1}{u-v} = \frac{2.2}{22} = \frac{1}{10}$$

$\therefore u - v = 10 \dots \dots \dots$ (ii)


(i) ও (ii) যোগ করি, $2u = 22 + 10 = 32$

$$\Rightarrow u = \frac{32}{2} = 16 \text{ কি.মি./ঘন্টা}$$

34. Boat A travels downstream from Point X to Point Y in 3 hours less than the time taken by Boat B to travel upstream from Point Y to Point Z. The distance between X and Y is 20 km, which is half of the distance between Y and Z. The speed of Boat B in still water is 10 km/h and the speed of Boat A in still water is equal to the speed of Boat B upstream. What is the speed of Boat A in still water? (Consider the speed of the current to be the same.) (B নৌকাটি শ্রোতের প্রতিকূলে Y পয়েন্ট হতে Z পয়েন্টে যেতে যত সময় লাগে, A নৌকাটি শ্রোতের অনুকূলে X পয়েন্ট হতে Y পয়েন্টে যেতে তার থেকে 3 ঘন্টা সময় কম লাগে। X ও Y এর দূরত্ব 20 কি.মি. যা Y হতে Z এর দূরত্বের অর্ধেক। B নৌকাটির স্থির পানিতে বেগ 10 কি.মি./ঘন্টা এবং A নৌকাটির স্থির পানিতে বেগ, B নৌকাটির প্রতিকূলের বেগের সমান। স্থির পানিতে A নৌকাটির বেগ কত? (শ্রোতের বেগ উভয় ক্ষেত্রে একই)

- (a) 10 km/h (b) 16 km/h
(c) 12 km/h (d) 8 km/h

✓ সমাধান :



ধরি, স্থির পানিতে, A নৌকার বেগ = u এবং শ্রোতের বেগ = v
স্থির পানিতে, B নৌকার বেগ = 10 কি.মি./ঘন্টা (দেওয়া আছে)
বর্ণনা মতে, XY = 20 কি.মি. এবং YZ = $2 \times 20 = 40$ কি.মি.

1ম শর্ত, B নৌকার প্রতিকূলে সময় - A নৌকার অনুকূলে সময় = 3 ঘন্টা

$$\therefore \frac{40}{10-v} - \frac{20}{u+v} = 3 \dots \dots \dots$$
 (i)

2য় শর্ত, A নৌকার স্থির পানিতে বেগ = B নৌকার প্রতিকূলে বেগ।

$$\therefore u = 10 - v \Rightarrow v = 10 - u$$

v এর মান (i) নং এ বসাই-

$$\frac{40}{10-10+u} - \frac{20}{u+10-u} = 3$$

$$\Rightarrow \frac{40}{u} - \frac{20}{10} = 3$$

$$\Rightarrow \frac{40}{u} - 2 = 3 \Rightarrow \frac{40}{u} = 5$$

$$\Rightarrow u = \frac{40}{5} = 8 \text{ কি.মি./ঘন্টা}$$

35. The speed of the boat in still water is 5 times that of the current, it takes 1.1 hours to row to point B from point A downstream. The distance between point A and point B is 13.2 km. How much distance (in km) will it cover in 312 minutes upstream? (স্থির পানিতে একটি নৌকার বেগ শ্রোতের বেগের পাঁচগুণ এবং অনুকূলে A থেকে B-তে যাওয়ার জন্য 1.1 ঘন্টা সময় লাগে। A থেকে B এর দূরত্ব 13.2 কি.মি.। তাহলে, শ্রোতের প্রতিকূলে 312 মিনিটে নৌকাটি কতদূর যেতে পারবে?)

- (a) 43.2 (b) 48
(c) 41.6 (d) 44.8

✓ সমাধান : ধরি, শ্রোতের বেগ = v কি.মি./ঘন্টা
স্থির পানিতে নৌকার বেগ, u = 5v কি.মি./ঘন্টা
শর্তমতে, অনুকূলে A হতে B যেতে সময় লাগে = 1.1 ঘন্টা

$$\Rightarrow \frac{13.2}{u+v} = 1.1 \Rightarrow \frac{13.2}{5v+v} = 1.1$$

$$\Rightarrow 1.1 \times 6v = 13.2$$

$$\Rightarrow v = \frac{13.2}{1.1 \times 6} = 2 \text{ কি.মি./ঘন্টা}$$

স্থির পানিতে নৌকার বেগ, u = 5v = $5 \times 2 = 10$ কি.মি./ঘন্টা

\therefore প্রতিকূলে নৌকার বেগ = $u - v = 10 - 2 = 8$ কি.মি./ঘন্টা

$$\text{এখানে, } 312 \text{ মিনিট} = \frac{312}{60} = \frac{26}{5} \text{ ঘন্টা}$$

প্রতিকূলে 1 ঘন্টায় যায় = 8 কি.মি.

$$\therefore \text{ " " " " } = \frac{26}{5} \times 8 = 41.6 \text{ কি.মি.}$$

36. A boat can travel 36 km upstream in 5 hours. If the speed of the stream is 2.4 kmph, how much time will the boat take to cover a distance of 78 km downstream? (in hours) (একটি নৌকা শ্রোতের প্রতিকূলে 5 ঘন্টায় 36 কি.মি. যেতে পারে। যদি শ্রোতের বেগ 2.4 কি.মি./ঘন্টা হয়, শ্রোতের অনুকূলে 78 কি.মি. যেতে কত ঘন্টা সময় লাগবে?)

- (a) 5 (b) 6.5
(c) 5.5 (d) 8

✓ সমাধান : ধরি, স্থির পানিতে নৌকার বেগ = u
দেওয়া আছে, শ্রোতের বেগ, v = 2.4 কি.মি./ঘন্টা

$$\text{শ্রোতের প্রতিকূলে বেগ} = \frac{\text{দূরত্ব}}{\text{সময়}}$$

$$\Rightarrow u - v = \frac{36}{5}$$

$$\Rightarrow u - 2.4 = 7.2$$

$$\Rightarrow u = 7.2 + 2.4 = 9.6 \text{ কি.মি./ঘন্টা}$$

শ্রোতের অনুকূলে বেগ = $u + v = 9.6 + 2.4 = 12$ কি.মি./ঘন্টা

অর্থাৎ, শ্রোতের অনুকূলে 12 কি.মি. যায় = 1 ঘন্টায়

$$\text{ " " " " } = \frac{1}{12} \text{ " " " "}$$

$$\text{ " " " " } = \frac{78}{12} = 6.5 \text{ ঘন্টা}$$

Direction (Question No. 37): The following question is followed by two statements number I and II are given. You have to read both the statements and then give the answer. [নিচের প্রশ্নগুলি, 37নং প্রশ্নের (i) ও (ii)নং বিবৃতির আলোকে। বিবৃতি দুটি ভাল করে পড়ুন এবং নিচের প্রশ্নগুলির উত্তর দিন।]

- a. If the data given in statement I alone are sufficient to answer the question whereas the data given in statement II alone are not sufficient to answer the questions. [শুধু (i)নং শর্ত থেকে উত্তর নির্ণয় করা যায় কিন্তু (ii)নং শর্ত থেকে যায় না।]
- b. If the data given in statement II alone are sufficient to answer the question I alone are not sufficient to answer the question. [শুধু (ii) নং শর্ত থেকে উত্তর নির্ণয় করা যায়, (i) নং শর্ত থেকে যায় না।]
- c. If the data in either statement I alone or in statement II alone are sufficient to answer the question. [(i) ও (ii) উভয় শর্ত থেকেই আলাদাভাবে উত্তর নির্ণয় করা যায়।]
- d. If the data in both the statement I and II are not sufficient to answer the question. [(i) ও (ii) উভয় শর্ত থেকেই আলাদাভাবে উত্তর নির্ণয় করা যাবে না।]
- e. If the data given in both the statements I and II are necessary to answer the question. [(i) ও (ii) উভয় শর্ত মিলিয়ে উত্তর নির্ণয় করা সম্ভব।]

37. What is the speed of the boat in still water? (in km/hr) (স্থির পানিতে নৌকার বেগ কত?)

I. The boat takes total time of 4h to travel 14 km upstream and 35 km downstream together. (শ্রোতের প্রতিকূলে 14 কি.মি. এবং শ্রোতের অনুকূলে 35 কি.মি. যেতে নৌকাটির মোট 4 ঘন্টা সময় লাগে।)

II. The boat takes total time of 5h travel 29 km upstream and 24 km downstream together. (শ্রোতের প্রতিকূলে 29 কি.মি. এবং শ্রোতের অনুকূলে 24 কি.মি. যেতে নৌকাটির মোট 5 ঘন্টা সময় লাগে। উপরের শর্ত থেকে উত্তর দাও।)

✓ **সমাধান :** ধরি, স্থির পানিতে নৌকার বেগ = u কি.মি./ঘন্টা
এবং শ্রোতের বেগ = v কি.মি./ঘন্টা

I. এর শর্তমতে, $\frac{14}{u-v} + \frac{35}{u+v} = 4$

II. এর শর্তমতে, $\frac{29}{u-v} + \frac{24}{u+v} = 5$

এখানে শুধু (i)নং থেকে u ও v বের করা সম্ভব নয়। কারণ যে কয়টি অজ্ঞাত রাশি সমীকরণে থাকে তা নির্ণয় করার জন্য ততটি স্বাধীন সমীকরণ প্রয়োজন। অনুরূপভাবে শুধু (ii)নং থেকেও u ও v নির্ণয় করা সম্ভব নয়। তবে উভয় (i) ও (ii) দুটি শর্ত থেকে u ও v নির্ণয় করা যাবে।

Examveda.com ওয়েবসাইটের বাংলা সমাধান

38. In one hour, a boat goes 11 km along the stream and 5 km against the stream. The speed of the boat in still water (in km/hr) is (এক ঘন্টায় একটি নৌকা শ্রোতের অনুকূলে 11 কি.মি. যায় এবং শ্রোতের প্রতিকূলে 5 কি.মি. যায়। স্থির পানিতে নৌকার বেগ ঘন্টায় কত কি.মি.?)

- (a) 3 (b) 5
(c) 8 (d) 9

✓ **সমাধান :** স্থির পানিতে নৌকার বেগ = u

শ্রোতের অনুকূলে নৌকার বেগ, $u + v = 11$

শ্রোতের প্রতিকূলে " " $u - v = 5$

(i) + (ii) করি, $2u = 16 \Rightarrow u = 8$

লক্ষ করুন : এক্ষেত্রে বিকল্প সংক্ষিপ্ত সূত্র,

$$\text{স্থির পানিতে নৌকার বেগ} = \frac{\text{অনুকূলে বেগ} + \text{প্রতিকূলে বেগ}}{2} = \frac{11 + 5}{2} = 8$$

39. The speed of a boat in still water is 15 km/hr and the rate of current is 3 km/hr. The distance travelled downstream in 12 minutes is : (স্থির পানিতে একটি নৌকার বেগ 15 কি.মি.। ঘন্টা এবং শ্রোতের বেগ 3 কি.মি./ঘন্টা। শ্রোতের অনুকূলে 12 মিনিটে নৌকাটি কতটুকু দূরত্ব অতিক্রম করবে?)

- (a) 1.2 km (b) 1.8 km
(c) 2.4 km (d) 3.6 km

✓ **সমাধান :** স্থির পানিতে নৌকার বেগ, $u = 15$ (কি.মি./ঘন্টা)

শ্রোতের বেগ, $v = 3$ (কি.মি./ঘন্টা)

শ্রোতের অনুকূলে নৌকার বেগ = $u + v = 15 + 3 = 18$ (কি.মি./ঘন্টা)

\therefore 1 ঘন্টায় বা 60 মিনিটে শ্রোতের অনুকূলে যায় = 18 কি.মি.


$$\therefore 1 \quad " \quad " \quad " = \frac{18}{60} \text{ কি.মি.}$$

$$\therefore 12 \quad " \quad " \quad " = \frac{12 \times 18}{60} = 3.6 \text{ কি.মি.}$$

40. A man can row at 5 kmph in still water. If the velocity of current is 1 kmph and it takes him 1 hour to row to a place and come back, how far is the place? (একজন ব্যক্তি স্থির পানিতে ঘন্টায় 5 কি.মি. যেতে পারে। যদি শ্রোতের বেগ 1 কি.মি./ঘন্টা হয় তাহলে একটি নির্দিষ্ট স্থানে গিয়ে ফিরে আসতে 1 ঘন্টা সময় লাগে। স্থানটির দূরত্ব কত?)

- (a) 2.4 km (b) 2.5 km
(c) 3 km (d) 3.6 km

✓ **সমাধান :**



শ্রোতের অনুকূলে নৌকার বেগ = $u + v = 5 + 1 = 6$ (কি.মি./ঘন্টা)

শ্রোতের প্রতিকূলে " " = $u - v = 5 - 1 = 4$ (কি.মি./ঘন্টা)

ধরি, দূরত্ব = x কি.মি.

শর্তমতে, অনুকূলে সময় + প্রতিকূলে সময় = মোট সময়

$$\Rightarrow \frac{x}{6} + \frac{x}{4} = 1 \quad \left[\because \text{সময়} = \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}} \right]$$

$$\Rightarrow \frac{2x + 3x}{12} = 1 \Rightarrow \frac{5x}{12} = 1 \Rightarrow x = \frac{12}{5} = 2.4 \text{ কি.মি.}$$

41. A boatman goes 2 km against the current of the stream in 1 hour and goes 1 km along the current in 10 minutes. How long will it take to go 5 km in stationary water ? (একজন মাঝি ঘন্টায় শ্রোতের প্রতিকূলে 2 কি.মি. যায় এবং শ্রোতের অনুকূলে 10 মিনিটে 1 কি.মি. যায়। স্থির পানিতে 5 কি.মি. যেতে কত সময় লাগবে?)

- (a) 40 minutes (b) 1 hour
(c) 1 hr 15 min (d) 1 hr 30 min

✓ **সমাধান :** শ্রোতের প্রতিকূলে বেগ, $u - v = 2$ (কি.মি./ঘন্টা)

শ্রোতের অনুকূলে 10 মিনিটে যায় 1 কি.মি.

$$\therefore " \quad " \quad 60 \quad " \quad " = \frac{60 \times 1}{10} = 6 \text{ কি.মি.}$$

\therefore শ্রোতের অনুকূলে বেগ, $u + v = 6$ (কি.মি./ঘন্টা)

$$(i) + (ii) \text{ করে, } 2u = 6 + 2 \Rightarrow u = \frac{8}{2} = 4 \text{ কি.মি./ঘন্টা}$$

স্থির পানিতে নৌকার বেগ = 4 কি.মি./ঘন্টা

$$\text{স্থির পানিতে 5 কি.মি. যেতে সময় লাগে} = \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}} = \frac{5}{4} = 1\frac{1}{4}$$

$$1 \text{ ঘন্টা} + \frac{1}{4} \times 60 \text{ মিনিট} = 1 \text{ ঘন্টা } 15 \text{ মিনিট}$$

42. Speed of boat in standing water is 9 kmph and the speed of the stream is 1.5 kmph. A man rows to a place at a distance of 105 km and comes back to the starting point. The total time taken by him is : (স্থির পানিতে একটি নৌকার বেগ ঘন্টায় 9 কি.মি. এবং শ্রোতের বেগ ঘন্টায় 1.5 কি.মি.। তাহলে একজন ব্যক্তির 105 কি.মি. যেতে এবং ফিরে আসতে মোট কত সময় লাগবে?)

- (a) 16 hours (b) 18 hours
(c) 20 hours (d) 24 hours

✓ সমাধান : অনুকূলে নৌকার বেগ = $u + v = 9 + 1.5 = 10.5$
প্রতিকূলে " " = $u - v = 9 - 1.5 = 7.5$

মোট সময় = অনুকূলে সময় + প্রতিকূলে সময়

$$= \left(\frac{105}{10.5} + \frac{105}{7.5} \right) \left[\because \text{সময়} = \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}} \right]$$

$$= 10 + 14 = 24 \text{ ঘন্টা}$$

43. A man rows to a place 48 km distant and back in 14 hours. He finds that he can row 4 km with the stream in the same time as 3 km against the stream. The rate of the stream is : (একজন লোক দাঁড় বেয়ে 48 কি.মি. দূরত্বের এক জায়গায় গিয়ে আবার ফিরে আসতে সময় লাগে 14 ঘন্টা। সে লক্ষ করল যে, তার শ্রোতের অনুকূলে 4 কি.মি. এবং শ্রোতের প্রতিকূলে 3 কি.মি. যেতে একই সময় লাগে। শ্রোতের বেগ কত?)

- (a) 1 km/hr (b) 1.5 km/hr
(c) 1.8 km/hr (d) 3.5 km/hr

✓ সমাধান : ধরি, ঐ নির্দিষ্ট সময় = t ঘন্টা

অনুকূলে t ঘন্টায় যায় = 4 কি.মি.

$$\therefore \text{ " 1 " " } = \frac{4}{t} \text{ "}$$

$$\therefore \text{ অনুকূলে বেগ } = \frac{4}{t} \text{ কি.মি./ঘন্টা}$$

অনুরূপভাবে, প্রতিকূলে বেগ = $\frac{3}{t}$ কি.মি./ঘন্টা

শর্তমতে, অনুকূলে সময় + প্রতিকূলে সময় = মোট সময়

$$\Rightarrow \frac{48}{\frac{4}{t}} + \frac{48}{\frac{3}{t}} = 14 \Rightarrow \frac{48 \times t}{4} + \frac{48 \times t}{3} = 14$$

$$\Rightarrow 12t + 16t = 14 \Rightarrow 28t = 14 \Rightarrow t = \frac{14}{28} = \frac{1}{2} \text{ (ঘন্টা)}$$

$$\therefore \text{ শ্রোতের অনুকূলে বেগ, } u + v = \frac{4}{1/2} = 8$$

$$\text{ শ্রোতের প্রতিকূলে বেগ, } u - v = \frac{3}{1/2} = 6$$

$$\begin{array}{r} (-) \quad (+) \quad (-) \\ \hline \end{array}$$

$$\text{বিয়োগ করে পাই, } 2v = 2 \therefore v = 2/2 = 1 \text{ (কি.মি./ঘন্টা)}$$

Indiabix.com ওয়েবসাইটের বাংলা সমাধান

44. A man's speed with the current is 15 km/hr and the speed of the current is 2.5 km/hr. The man's speed against the current is : (একজন লোকের বেগ শ্রোতের অনুকূলে 15 কি.মি./ঘন্টা এবং শ্রোতের বেগ 2.5 কি.মি./ঘন্টা। শ্রোতের প্রতিকূলে লোকটির গতি কত?)

- (a) 8.5 km/hr (b) 9 km/hr
(c) 10 km/hr (d) 12.5 km/hr

✓ সমাধান : অনুকূলে লোকের গতি, $u + v = 15$

এবং শ্রোতের গতি, $v = 2.5$

$$\therefore u = 15 - v = 15 - 2.5 = 12.5$$

$$\text{প্রতিকূলে লোকের গতি} = u - v = 12.5 - 2.5 = 10 \text{ km/hr}$$

45. A boat running upstream takes 8 hours 48 minutes to cover a certain distance, while it takes 4 hours to cover the same distance running downstream. What is the ratio between the speed of the boat and speed of the water current respectively? (একটি নৌকা একটি নির্দিষ্ট দূরত্ব শ্রোতের প্রতিকূলে 8 ঘন্টা 48 মিনিটে অতিক্রম করে। একই দূরত্ব শ্রোতের অনুকূলে 4 ঘন্টায় অতিক্রম করে। নৌকার বেগ ও শ্রোতের গতিবেগের অনুপাত কত?)

- (a) 2 : 1 (b) 3 : 2
(c) 8 : 3 (d) Cannot be determined
(e) None of these

✓ সমাধান : 8 ঘন্টা 48 মিনিট = $8 + \frac{48}{60} = 8 + \frac{4}{5} = \frac{40 + 4}{5} = \frac{44}{5}$ ঘন্টা

উভয় ক্ষেত্রে নির্দিষ্ট দূরত্ব = (সময় \times বেগ) অনুকূলে

= (সময় \times বেগ) প্রতিকূলে

$$\Rightarrow 4 \times (u + v) = \frac{44}{5} (u - v)$$

$$\Rightarrow (u + v) = \frac{11}{5} (u - v) \text{ [উভয় পক্ষকে 4 দ্বারা ভাগ করে]}$$

$$\Rightarrow u + v = \frac{11}{5} u - \frac{11}{5} v$$

$$\Rightarrow u - \frac{11}{5} u = -v - \frac{11}{5} v$$

$$\Rightarrow u \left(1 - \frac{11}{5} \right) = -v \left(1 + \frac{11}{5} \right)$$

$$\Rightarrow u \times \frac{-6}{5} = -v \times \frac{16}{5} \Rightarrow \frac{u}{v} = \frac{16}{5} \times \frac{5}{6} \Rightarrow \frac{u}{v} = \frac{8}{3} \therefore u : v = 8 : 3$$

46. A boat takes 90 minutes less to travel 36 miles downstream than to travel the same distance upstream. If the speed of the boat in still water is 10 mph, the speed of the stream is : (একটি নৌকার শ্রোতের প্রতিকূলে 36 মাইল দূরত্ব অতিক্রম করতে যে সময় লাগে শ্রোতের অনুকূলে ঐ একই দূরত্ব অতিক্রম করতে নৌকাটির 90 মিনিট কম সময় লাগে। যদি স্থির পানিতে নৌকার গতিবেগ ঘন্টায় 10 মাইল হয়। তাহলে শ্রোতের বেগ-)

- (a) 2 mph (b) 2.5 mph
(c) 3 mph (d) 4 mph

✓ সমাধান : স্থির পানিতে নৌকার বেগ = 10 মাইল/ঘন্টা

শ্রোতের বেগ = v

অনুকূলে গতি = $10 + v$

প্রতিকূলে গতি = $10 - v$

যেহেতু, প্রতিকূলে নৌকার সময় বেশি লাগে।

তাই শর্তমতে, প্রতিকূলে সময় - অনুকূলে সময় = সময় ব্যবধান

$$\Rightarrow \frac{36}{10 - v} - \frac{36}{10 + v} = \frac{90}{60} = \frac{3}{2}$$

$$\Rightarrow \frac{1}{10 - v} - \frac{1}{10 + v} = \frac{3}{2 \times 36} \text{ [উভয় পক্ষকে 36 দ্বারা ভাগ করে]}$$

$$\Rightarrow \frac{10 + v - 10 + v}{(10 - v)(10 + v)} = \frac{1}{24} \Rightarrow \frac{2v}{100 - v^2} = \frac{1}{24}$$

$$\Rightarrow 48v = 100 - v^2 \Rightarrow v^2 + 48v - 100 = 0$$

$$\Rightarrow v^2 + 50v - 2v - 100 = 0 \Rightarrow v(v + 50) - 2(v + 50) = 0$$

$$\Rightarrow (v + 50)(v - 2) = 0 \therefore v = -50, v = 2$$

যেহেতু শ্রোতের বেগ নৌকার বেগ হতে বেশি হতে পারে না। তাই $v = -50$ গ্রহণযোগ্য নয়। \therefore শ্রোতের বেগ = 2 (মাইল/ঘন্টা)

47. A man can row $\frac{3}{4}$ of a km against the stream in $11\frac{1}{4}$ minutes and returns in $7\frac{1}{2}$ minutes. Find the speed of the man in still water. (একজন মাঝি শ্রোতের প্রতিকূলে $\frac{3}{4}$ কি.মি.

দূরত্ব $11\frac{1}{4}$ মিনিটে যায় এবং ফিরে আসে $7\frac{1}{2}$ মিনিটে। স্থির পানিতে মাঝির বেগ কত?

- (a) 3 km/hr (b) 4 km/hr
(c) 5 km/hr (d) 6 km/hr

✓ সমাধান : প্রতিকূলে $11\frac{1}{4}$ বা $\frac{45}{4}$ মিনিটে যায় = $\frac{3}{4}$ কি.মি.

$$1 \text{ " " } = \frac{3}{4} \div \frac{45}{4}$$

$$\therefore 60 \text{ " " } = \left(\frac{3}{4} \times \frac{4}{45}\right) \times 60 = 4 \text{ কি.মি.}$$

অনুকূলে $7\frac{1}{2}$ বা $\frac{15}{2}$ মিনিটে যায় = $\frac{3}{4}$ কি.মি.

$$\therefore 60 \text{ " " } = \left(\frac{3}{4} \div \frac{15}{2}\right) \times 60 = \left(\frac{3}{4} \times \frac{2}{15}\right) \times 60 = 6 \text{ কি.মি.}$$

ধরি, u = নৌকা বা মাঝির বেগ, v = শ্রোতের বেগ

শ্রোতের অনুকূলে বেগ, u + v = 6 (i)

শ্রোতের প্রতিকূলে " u - v = 4 (ii)

(i) + (ii) করি, বা, 2u = 10 কি.মি./ঘন্টা
⇒ u = 5 কি.মি./ঘন্টা

Do yourself (Other websites)

48. A man rows a certain distance along the stream and against the stream in 1 hour and 1.5 hours respectively. If the velocity of the current is 3 km/hr. what is the speed of a man in still water?

[Sonali Bank (Officer FF) - 19 + www.careerless.com]

- (a) 12 km/hr (b) 13 km/hr
(c) 11 km/hr (d) 15 km/hr

49. A boat goes 8 km in one hour along the stream and 2 km in against stream. The speed in km/hr of the stream is

[Pubali Bank (TAJO Cash) - 19 + www.brainly.in]

- (a) 2 (b) 4 (c) 3 (d) 5

50. A boat takes 19 hours to travel downstream from point A to point B and coming back to a point C midway, between A and B. If the speed of the stream is 4 km/hr and the speed of the boat in still water is 14 km/hr. what is the distance between A and B?

[Sonali Bank (Officer Cash FF) - 19 + www.brainly.in + www.sawaal.com]

- (a) 160 km (b) 200 km
(c) 180 km (d) 220 km

51. A boat takes 4 hours to cover a certain distance running downstream, while it requires 8 hours 48 minutes to cover the same distance. Find the ratio between the speed of the current and the speed of the boat?

[Sonali Bank (Officer Cash FF) - 19 + www.careerless.com + www.examveda.com + www.indiabix.com + www.brainly.in]

- (a) 1:2 (b) 3:8 (c) 2:3 (d) 4:3

52. A boat can travel with a speed of 13 km/hr in still water. If the speed of the stream is 4 km/hr, find the time taken by the boat to go 68 km downstream.

[Combined 5 Bank's (Officer Cash) - 19 + www.indiabix.com + www.examveda.com + www.competoid.com + www.brainly.in]

- (a) 4 hours (b) 3 hours
(c) 5 hours (d) 2 hours

53. The speed of a boat in still water in 15 km/hr and the rate of current is 3 km/hr. The distance travelled downstream in 12 minutes is

[Combined 6 Bank's & 2 Fin. Inst. (Senior Officer) - 19 + www.indiabix.com + www.doubtntut.com + www.examveda.com + www.careerless.com + www.brainly.in]

- (a) 1.2 km (b) 3.6 km
(c) 1.8 km (d) 2.4 km

54. A boat can travel from point A to point B and return back to point A in 9 hours. Speed of the boat in still water is 8 km/h and the speed of the stream is 4 km/h. Find the distance between A and B.

[Combined 4 Bank's (Officer General) - 19]

- (a) 18 km (b) 27 km (c) 36 km (d) 45 km

55. In a stream, B lies in between A and C such that it is equidistant from both A and C. A boat can go from A to B and back in 6 hour 30 minutes while it goes from A to C in 9 hours. How long would it take to go from C to A?

[www.affairscloud.com]

- (a) 2 hour (b) 4.5 hour
(c) 4 hour (d) 3.5 hour
(e) None of these

56. A boat takes total 16 hours for traveling downstream from point A to point B and coming back point C which is somewhere between A and B. If the speed of the Boat in still water is 9 km/hr and rate of stream is 6 km/hr, then what is the distance between A and C?

[www.affairscloud.com]

- (a) 30 km (b) 60 km
(c) 90 km (d) 100 km
(e) Cannot be determined

57. A man can row upstream a distance of $\frac{2}{3}$ km in 10 minutes and returns the same distance downstream in 5 minutes. Ratio of man's speed in still water and that of the stream will be?

[www.competoid.com]

- (a) 3:1 (b) 1:3 (c) 2:3 (d) 3:2

58. A boat against the current of water goes 9 km/hr and in the direction of the current 12 km/hr. The boat takes 4 hours and 12 minutes to move upward and downward direction from A to B. What is the distance between A and B?

[www.competoid.com]

- (a) 21.6 km (b) 21.0 km
(c) 22 km (d) 30 km

উত্তরমালা

48	49	50	51	52	53	54	55	56	57	58
(d)	(c)	(c)	(b)	(a)	(b)	(b)	(c)	(e)	(a)	(a)

এই প্রশ্নগুলোর বিস্তারিত ইংরেজি সমাধানের pdf ফাইল 'Job Math by BUETians' ফেসবুক গ্রুপে পাবেন।

31

Probability

এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য ও সূত্র


I. কোন পরীক্ষায় সমসম্ভাব্য মোট ফলাফলের (outcome) সংখ্যা $n(s) = P$ এবং A ঘটনার সমসম্ভাব্য অনুকূল ঘটনার সংখ্যা $n(A) = q$ হলে, A ঘটনার সম্ভাবনার গাণিতিক পরিমাপ,

$$P(A) = \frac{\text{সমসম্ভাব্য অনুকূল ঘটনার সংখ্যা}}{\text{সমসম্ভাব্য মোট ফলাফলের সংখ্যা}} = \frac{n(A)}{n(S)} = \frac{q}{p}$$

$P(A)$ = Probability of A

II. দৈবচয়নের (Random Experiment) ক্ষেত্রে সম্ভাব্য সকল ফলাফল জানা থাকে এবং কাক্ষিত ফলাফলটি আগে থেকেই অনুমান করা যায় না। কয়েকটি উদাহরণ :

- কয়েন টস করা : যখন আমরা কয়েন টস করি তখন সেটা সবসময়ই হেড (H) বা টেইল (T) দেখাবে।
- লুডুর গুঁটি ঘোরানো : লুডুর গুঁটিতে 1, 2, 3, 4, 5 ও 6 এই সংখ্যাগুলি থাকে। একবার ঘুরালে এটি তার সম্মুখপৃষ্ঠে যেকোনো একটি সংখ্যা দেখাবে।
- কার্ড খেলায় কার্ড উঠানো : 52টি কার্ড থাকে প্যাকেটে। 13টি করে থাকে স্পেড, ক্লাব, হার্ট ও ডায়মন্ড। স্পেড ও ক্লাব কার্ডগুলো কালো রঙের। হার্ট ও ডায়মন্ড কার্ডগুলো লাল।



প্রতি স্যুট / গ্রুপের 13টি কার্ডে :
 1টি রাজা (KING) | 1টি টেক্সা (ACE)
 1টি রানী (QUEEN) | 1টি গোলাম (JACK)
 1টি সংখ্যা (2 → 10)

- প্রতিটি স্যুটে 3টি করে ফেইস কার্ড থাকে (KING, QUEEN, JACK)
- কার্ডের একটি প্যাকেটে মোট $3 \times 4 = 12$ টি ফেইস কার্ড থাকে।

III. নমুনা ক্ষেত্র (Sample Space) : কোনো একটি পরীক্ষণে সম্ভাব্য সকল ফলাফলের সেটকে নমুনা ক্ষেত্র বলে।
 উদাহরণ :

- একটি কয়েন টস করলে, নমুনা ক্ষেত্র $S = \{H, T\}$
- দুইটি কয়েন টস করলে, $S = \{HH, HT, TH, TT\}$
- লুডুর গুঁটি একবার ঘোরালে, $S = \{1, 2, 3, 4, 5, 6\}$

IV. ঘটনা (Event) : নমুনা ক্ষেত্রের যেকোনো সাবসেটকে ঘটনা বলে।

V. ঘটনা ঘটার সম্ভাব্যতা :

ধরি, S একটি নমুনা ক্ষেত্রের সেট এবং E একটি ঘটনা। তাহলে, $E \subseteq S$

$$\therefore E \text{ ঘটনা ঘটার সম্ভাব্যতা, } P(E) = \frac{n(E)}{n(S)}$$

VI. সম্ভাব্যতার ফলাফল :

- $P(S) = 1$ [নিশ্চিত ঘনটার সম্ভাব্যতা]
- $P(\emptyset) = 0$
- $0 \leq P(E) \leq 1$
- যেকোনো ঘটনা A ও B এর জন্য, $P(A \cup B) = P(A) + P(B) - P(A \cap B)$
- যদি A, ঘটনা A না ঘটার সম্ভাবনা নির্দেশ করে, তবে $P(\bar{A}) = 1 - P(A)$

VII. স্বাধীন বা অনির্ভরশীল ঘটনা (Independent Event) : একটি পরীক্ষণের কোনো একটি ঘটনা ঘটা বা না ঘটা যদি অন্য কোনো ঘটনার দ্বারা প্রভাবিত না হয়, তবে তাদেরকে অনির্ভরশীল ঘটনা বলে। যেমন : দুইটি মুদ্রা একত্রে উপরে নিক্ষেপ করলে যে কোনোটিতে Head বা Tail আসা বা না আসা অন্যটির উপর নির্ভর করে না। A ও B ঘটনাদ্বয় স্বাধীন হলে $P(A \cap B) = P(A) \times P(B)$

একই নিয়মের অংকগুলো এক সাথে অনুশীলন করতে

টাইপ নং	টাইপ এর নাম	প্রশ্ন নম্বর
1	মুদ্রা সম্পর্কিত সমস্যা	1, 2, 3
2	ছক্কার গুটি সম্পর্কিত সমস্যা	4, 5, 6, 7, 8, 9, 34
3	সংখ্যা সম্পর্কিত সমস্যা	10, 11
4	লটারী সম্পর্কিত সমস্যা	12
5	কার্ড / তাস সম্পর্কিত সমস্যা	13, 14, 15, 16, 17, 18, 19, 20
6	বল ও মার্বেল সম্পর্কিত সমস্যা	21, 22, 23, 24, 25, 26, 27, 28, 29, 30, 31, 32, 33, 34, 35, 36, 45, 48, 49, 50
7	গ্রুপ / ক্লাস / কমিটি সম্পর্কিত সমস্যা	37, 38, 40, 44
8	বিশেষ সমস্যা	41, 42, 43, 46, 47

রিভিশন বক্স

পরবর্তীতে যে প্রশ্নগুলো আপনার রিভিশন করা প্রয়োজন- সেগুলোর নম্বর লিখে রাখুন।

প্রশ্ন নম্বর:

শব্দভাণ্ডার

এই অধ্যায়ের আন্ডারলাইন করা শব্দের অর্থ এখানে দেখুন।

Appear = হাজির হওয়া	Contain = ধারণ করা	Multiple = গুণিতক	Selected = নির্বাচিত
At last = অবশেষে	Contradict = বিপরীত হওয়া	Narrate = বর্ণনা করা	Simultaneous = সমকালবর্তী
At least = অন্তত	Defective = ত্রুটিপূর্ণ	None of = কোনোটিই নয়	Throw = নিক্ষেপ করা
At most = শেষ পর্যন্ত	Describe = বর্ণনা করা	Pickup = উঠানো	Toss = হাত দিয়ে হঠাৎ উপরে ছোড়া
Basket = ঝুড়ি	Doublet = জোড়	Post = জায়গা	Unbiased = নিরপেক্ষ
Bear = ধারণ করা	Drawn = টানা	Prime number = মৌলিক সংখ্যা	Urn = গোলাকার কলসি বিশেষ
Blank = ফাঁকা	Exactly = ঠিক	Probability = সম্ভাব্যতা	Vacancy = ফাকা জায়গা
Chosen = বাছাই করা	Incident = ঘটনা	Random = এলোমেলোভাবে	
Coin = মুদ্রা	Jack card = তাসের সাহেব বিবি	Replace = প্রতিস্থাপন করা	

Dr. R.S. AGGARWAL স্যারের বইয়ের পূর্ণাঙ্গ বাংলা সমাধান

1. In a **simultaneous** throw of two **coins**, the probability of getting **at least** one head is. (2টি মুদ্রাকে একই সাথে নিক্ষেপ করলে অন্তত 1টি Head পড়ার সম্ভাবনা)

- (a) $\frac{1}{2}$ (b) $\frac{1}{3}$ (c) $\frac{2}{3}$ (d) $\frac{3}{4}$

✓ সমাধান :

	H	T
H	HH	TH
T	HT	TT

∴ নমুনাক্ষেত্রের মোট বিন্দু = 4 (HH, HT, TH, TT)

অন্তত 1টি H ওঠার অনুকূলে বিন্দু সংখ্যা = 3 (HH, HT, TH)

$$\therefore \text{সম্ভাব্যতা} = \frac{\text{অনুকূলে ফলাফল}}{\text{মোট ফলাফল}} = \frac{3}{4}$$

বিকল্প সমাধান :

দুটি মুদ্রা একসাথে নিক্ষেপ করলে মোট সম্ভাব্য ফলাফল = $2 \times 2 = 4$ টি।
অন্তত একটি ক্ষেত্রে H ওঠার অর্থ- একটিতে H ও একটিতে T ওঠা অথবা 2টিতেই H ওঠা।

1H : দুটি মুদ্রার যেকোন একটিতে H ওঠার পক্ষে ফলাফল সংখ্যা

$$= {}^2C_1 = \frac{2!}{1!1!} = 2$$

$$\therefore \text{ক্ষেত্রে সম্ভাব্যতা} = \frac{2}{4} = \frac{1}{2}$$

2H : দুটি মুদ্রার দুটিতেই H ওঠার পক্ষে ফলাফল সংখ্যা

$$= {}^2C_2 = \frac{2!}{2!0!} = 1$$

$$\therefore \text{ক্ষেত্রে সম্ভাব্যতা} = \frac{1}{4}$$

$$\therefore \text{নির্ণয় সম্ভাব্যতা} = \frac{1}{2} + \frac{1}{4} = \frac{3}{4}$$

2. Three unbiased coins are tossed. What is the probability of getting at least of 2 heads? (3টি নিরপেক্ষ মুদ্রাকে নিক্ষেপ করা হলো। অন্তত 2টি হেড পড়ার সম্ভাবনা কত?)

- (a) $\frac{1}{4}$ (b) $\frac{1}{2}$ (c) $\frac{1}{3}$ (d) $\frac{1}{8}$

✓ সমাধান : 3টি নিরপেক্ষ মুদ্রাকে টস করলে নমুনা ক্ষেত্রটি নিম্নরূপ :

{ HHH TTT
HHT TTH
HTH THT
HTT THH }

∴ মোট নমুনা বিন্দু = 8টি

অন্তত 2টি H পড়ার অনুকূলে নমুনা বিন্দু = 4টি
(HHH, HHT, HTH, THH)

$$\therefore \text{অন্তত 2টি H পড়ার সম্ভাব্যতা} = \frac{4}{8} = \frac{1}{2}$$

বিকল্প সমাধান :

অন্তত 2টি H ওঠার অর্থ (2টি H + 1টি T) অথবা 3টি H
অন্তত 2টি H : 3টি মুদ্রার মধ্যে 2টি মুদ্রা H উঠতে পারে 3C_2 উপায়ে
আবার 3টি মুদ্রা নিষ্ক্ষেপে মোট সম্ভাব্য ফলাফল সংখ্যা = $2^3 = 8$

$$\therefore 2\text{টি মুদ্রাতে H ওঠার সম্ভাব্যতা} = \frac{{}^3C_2}{8} = \frac{2!1!}{8} = \frac{3}{8}$$

$$3\text{টি H : } 3\text{টি মুদ্রার মধ্যে 3টিই H ওঠার উপায় } {}^3C_3 = \frac{3!}{3!0!} = 1$$

$$\therefore 3\text{টি মুদ্রাই H ওঠার সম্ভাব্যতা} = \frac{1}{8}$$

$$\therefore \text{অন্তত 2টি মুদ্রাতে H ওঠার সম্ভাব্যতা} = \frac{3}{8} + \frac{1}{8} = \frac{4}{8} = \frac{1}{2}$$

3. Three unbiased coins are tossed. What is the probability of getting at most two heads? (3টি মুদ্রা নিরপেক্ষভাবে টস করা হলো সর্বোচ্চ 2টি Head পড়ার সম্ভাবনা কত?)

- (a) $\frac{3}{4}$ (b) $\frac{1}{4}$ (c) $\frac{3}{8}$ (d) $\frac{7}{8}$

✓ সমাধান : 2নং প্রশ্নের অনুরূপ নমুনা ক্ষেত্র হবে।

$$\therefore \text{মোট নমুনা বিন্দু} = 8\text{টি}$$

$$\text{সর্বোচ্চ 2টি H পড়ার স্বপক্ষে বিন্দু সংখ্যা} = 7\text{টি}$$

(HHH বাদে বাকীগুলো; অর্থাৎ H, 2টি অথবা 1টি অথবা 0টিও হতে পারে)

$$\therefore \text{সর্বোচ্চ 2টি H পড়ার সম্ভাব্যতা} = \frac{7}{8}$$

বিকল্প সমাধান :

সর্বোচ্চ 2টি H পড়ার সম্ভাব্যতা

$$= 2\text{টি H পড়ার সম্ভাব্যতা} + 1\text{টি H পড়ার সম্ভাব্যতা} \\ + 1\text{টিও H না পড়ার সম্ভাব্যতা}$$

$$= \frac{{}^3C_2}{2^3} + \frac{{}^3C_1}{2^3} + \frac{{}^3C_0}{2^3} = \frac{3}{8} + \frac{3}{8} + \frac{1}{8} = \frac{7}{8}$$

4. In a single throw of a dice, what is the probability of getting a number greater than 4? (ছকার গুটি 1 বার নিষ্ক্ষেপ করলে 4 এর চেয়ে বড় সংখ্যা পড়ার সম্ভাবনা কত?)

- (a) $\frac{1}{2}$ (b) $\frac{1}{3}$ (c) $\frac{2}{3}$ (d) $\frac{1}{4}$

✓ সমাধান : নমুনা ক্ষেত্র : {1, 2, 3, 4, 5, 6} \Rightarrow মোট 6টি

4 এর চেয়ে বড় স্বপক্ষে নমুনা বিন্দু = 2টি (5 ও 6)

$$\therefore \text{সম্ভাব্যতা} = \frac{2}{6} = \frac{1}{3}$$

5. In a simultaneous throw of two dice, what is the probability of getting a total of 7? (দুটি ছকার গুটি একত্রে নিষ্ক্ষেপ করলে মোট 7 পাওয়ার সম্ভাবনা কত?)

- (a) $\frac{1}{6}$ (b) $\frac{1}{4}$ (c) $\frac{2}{3}$ (d) $\frac{3}{4}$

✓ সমাধান : দুটি ছকার গুটি নিষ্ক্ষেপে মোট ফলাফল সংখ্যা = $6 \times 6 = 36$
মোট 7 পাওয়ার জন্য দুটি গুটিতে ওঠা নাম্বারের যোগফল 7 হতে হবে।

এই ঘটনার অনুকূলে ফলাফলগুলো :

(1,6), (6, 1), (2,5), (5, 2), (3,4), (4,3)

অর্থাৎ, অনুকূলে ফলাফল সংখ্যা = 6টি

$$\therefore \text{নির্ণেয় সম্ভাব্যতা} = \frac{6}{36} = \frac{1}{6}$$

6. What is the probability of getting a sum 9 from two throws of a dice? (1টি ছকার গুটিকে পরপর 2 বার নিষ্ক্ষেপ করলে মোট 9 পড়ার সম্ভাবনা কত?)

- (a) $\frac{1}{6}$ (b) $\frac{1}{8}$ (c) $\frac{1}{9}$ (d) $\frac{1}{12}$

✓ সমাধান : নমুনা ক্ষেত্র হবে 5নং প্রশ্নের অনুরূপ।

$$\therefore \text{মোট নমুনা বিন্দু} = 6 \times 6 = 6^2 = 36\text{টি}$$

অনুকূলে নমুনা বিন্দু = 4টি; [(3,6), (6,3), (4,5), (5,4)]

$$\therefore \text{সম্ভাব্যতা} = \frac{4}{36} = \frac{1}{9}$$

7. In a simultaneous throw of two dice, what is the probability of getting a doublet? (একই সাথে দুইটি ছকা নিষ্ক্ষেপ করলে একই জোড়া পাওয়ার সম্ভাবনা কত?)

- (a) $\frac{1}{6}$ (b) $\frac{1}{4}$ (c) $\frac{2}{3}$ (d) $\frac{3}{7}$

✓ সমাধান : নমুনা ক্ষেত্র হবে 5নং প্রশ্নের অনুরূপ।

$$\therefore \text{মোট নমুনা বিন্দু} = 6^2 = 36\text{টি}$$

অনুকূলে নমুনা বিন্দু = 6টি

[(1,1), (2,2), (3,3), (4,4), (5,5), (6,6)]

$$\therefore \text{সম্ভাব্যতা} = \frac{6}{36} = \frac{1}{6}$$

8. In a simultaneous throw of two dice, what is the probability of getting a total of 10 or 11? (2টি ছকা একত্রে নিষ্ক্ষেপ করলে মোট 10 বা 11 পাওয়ার সম্ভাবনা কত?)

- (a) $\frac{1}{4}$ (b) $\frac{1}{6}$ (c) $\frac{7}{12}$ (d) $\frac{5}{36}$

✓ সমাধান : নমুনা ক্ষেত্র হবে 5নং প্রশ্নের অনুরূপ।

$$\therefore \text{মোট নমুনা বিন্দু} = 6^2 = 36\text{টি}$$

অনুকূলে নমুনা বিন্দুগুলো = 5টি

[(4,6), (6,4), (5,5), (5,6), (6,5)]

$$\therefore \text{সম্ভাব্যতা} = \frac{5}{36}$$

9. Two dice are thrown simultaneously. What is the probability of getting two numbers whose product is even? (2টি ছকা একত্রে নিষ্ক্ষেপ করলে 2টি সংখ্যার গুণফল জোড় পাওয়ার সম্ভাবনা কত?)

- (a) $\frac{1}{2}$ (b) $\frac{3}{4}$ (c) $\frac{3}{8}$ (d) $\frac{5}{16}$

✓ সমাধান : নমুনা ক্ষেত্রটি হবে 5নং প্রশ্নের অনুরূপ।

$$\text{অতএব নমুনা বিন্দুর সংখ্যা} = 6^2 = 36\text{টি}$$

দুটি সংখ্যার মধ্যে অন্তত একটি জোড় হলে তাদের গুণফল জোড় হবে।

প্রতিটি গুটিতে 3টি জোড় (2, 4, 6) ও 3টি বিজোড় (1, 3, 5) আছে।

\therefore 1ম গুটির 3টি জোড়ের সাথে 2য় গুটির যেকোন ফলাফল মিলে মোট $3 \times 6 = 18$ টি এরূপ জোড় সম্ভব।

আবার, 1ম গুটির 3টি বিজোড়ের সাথে 2য় গুটির তিনটি জোড় মিলে $3 \times 3 = 9$ টি এরূপ জোড় সম্ভব।

$$\therefore \text{অনুকূলে মোট ফলাফল} = 18 + 9 = 27$$

$$\therefore \text{নির্ণেয় সম্ভাব্যতা} = \frac{27}{36} = \frac{3}{4}$$

10. Tickets numbered 1 to 20 are mixed up and then a ticket is drawn at random. What is the probability that the ticket drawn bears a number which is a multiple of 3? (1 থেকে 20 সংখ্যাবিশিষ্ট টিকেটগুলো মেশানো হল। তারপর স্বতঃস্ফূর্তভাবে 1টা টিকেট উত্তোলন করা হল, উত্তোলিত টিকেটে লেখা সংখ্যাটি 3 এর গুণিতক হওয়ার সম্ভাবনা কত?)

- (a) $\frac{3}{10}$ (b) $\frac{3}{20}$ (c) $\frac{2}{5}$ (d) $\frac{1}{2}$

✓ সমাধান : মোট নমুনা বিন্দু = 20টি

1 থেকে 20 পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে 3 এর গুণিতক সংখ্যার সেট

{3, 6, 9, 12, 15, 18} \Rightarrow মোট 6টি।

$$\therefore \text{অনুকূলে নমুনা বিন্দু} = 6\text{টি}$$

$$\therefore \text{সম্ভাব্যতা} = \frac{6}{20} = \frac{3}{10}$$

11. Tickets numbered 1 to 20 are mixed up and then a ticket is drawn at random. What is the probability that the ticket drawn has a number which is a multiple of 3 or 5? (1 থেকে 20 সংখ্যাবিশিষ্ট টিকেটগুলো মেশানো হল। তারপর স্বতঃস্ফূর্তভাবে 1টা টিকেট উত্তোলন করা হল, উত্তোলিত টিকেটে লেখা সংখ্যাটি 3 অথবা 5 এর গুণিতক হওয়ার সম্ভাবনা কত?)

- (a) $\frac{1}{2}$ (b) $\frac{2}{5}$ (c) $\frac{8}{15}$ (d) $\frac{9}{20}$ (d)

✓ সমাধান : 1 থেকে 20 পর্যন্ত মোট সংখ্যা = 20টি
3 এর গুণিতকগুলোর সেট {3, 6, 9, 12, 15, 18}
5 এর গুণিতকগুলোর সেট {5, 10, 15, 20}
∴ 3 অথবা 5 এর গুণিতকের সেট {3, 5, 6, 9, 10, 12, 15, 18, 20}
∴ এরূপ সংখ্যা আছে 9টি
∴ নির্ণেয় সম্ভাব্যতা = $\frac{9}{20}$.

12. In a lottery, there are 10 prizes and 25 blanks. A lottery is drawn at random. What is the probability of getting a prize? (একটি লটারীর 10টিতে পুরস্কার ও 25টিতে খালি রয়েছে। একটি লটারী তুললে পুরস্কার পাওয়ার সম্ভাবনা কত?)

- (a) $\frac{1}{10}$ (b) $\frac{2}{5}$ (c) $\frac{2}{7}$ (d) $\frac{5}{7}$ (c)

✓ সমাধান : মোট নমুনা বিন্দু = 10 + 25 = 35টি
∴ পুরস্কারের অনুকূলে নমুনা বিন্দু = 10টি
∴ সম্ভাব্যতা = $\frac{10}{35} = \frac{2}{7}$.

13. One card is drawn at random from a pack of 52 cards. What is the probability that the card drawn is a face card? (52টি কার্ড থেকে নিরপেক্ষভাবে 1টি কার্ড উত্তোলন করা হলে 1টি face কার্ড পাওয়ার সম্ভাবনা কত?)

- (a) $\frac{1}{13}$ (b) $\frac{4}{13}$ (c) $\frac{1}{4}$ (d) $\frac{9}{52}$

[বি.দ্র.: সটিক উত্তর : $\frac{3}{13}$]

✓ সমাধান : কার্ড প্যাকেটে 4 ধরনের কার্ড থাকে : Spade, Heart, Diamond, Club। প্রত্যেক প্রকার কার্ড থাকে $\frac{52}{4} = 13$ টি করে।
Face কার্ড হলো সেই সব কার্ড যেগুলোতে King (সাহেব), Queen (বিবি) ও Jack (গোলাম) থাকে।
অর্থাৎ 4 প্রকার কার্ডে মোট $4 \times 3 = 12$ টি Face কার্ড থাকে।
∴ নির্ণেয় সম্ভাব্যতা = $\frac{12}{52} = \frac{3}{13}$.

14. A card is drawn from a pack of 52 cards. The probability of getting a queen of club or a king of heart is? (52টি কার্ড হতে 1টি কার্ড উঠালে club এর queen অথবা heart এর king পাওয়ার সম্ভাবনা কত?)

- (a) $\frac{1}{13}$ (b) $\frac{2}{13}$ (c) $\frac{1}{26}$ (d) $\frac{1}{52}$ (c)

✓ সমাধান : 52 কার্ডের প্যাকেটে 1টি ক্লাবের কুইন ও একটি হার্ট এর কিং থাকে।
∴ মোট নমুনা বিন্দু = 52টি
অনুকূলে নমুনা বিন্দু = 2টি
∴ নির্ণেয় সম্ভাব্যতা = $\frac{2}{52} = \frac{1}{26}$.

15. One card is drawn from a pack of 52 cards. What is the probability that the card drawn is either a red card or a king? (52টি কার্ড হতে 1টি কার্ড উঠালে কার্ডটি red কার্ড বা king হওয়ার সম্ভাব্যতা কত?)

- (a) $\frac{1}{2}$ (b) $\frac{6}{13}$ (c) $\frac{7}{13}$ (d) $\frac{27}{52}$ (c)

✓ সমাধান : ধরি, P(R) = Red কার্ড হওয়ার সম্ভাব্যতা
P(K) = King কার্ড হওয়ার সম্ভাব্যতা
52টি কার্ডের অর্ধেক (Diamond, Heart) হলো Red,
অর্থাৎ Red কার্ড = $\frac{52}{2} = 26$ টি।

Diamond ও Heart এ 1টি করে মোট 2টি King, কিন্তু মোট King = 4টি
∴ P(R) = $\frac{26}{52} = \frac{1}{2}$; P(K) = $\frac{4}{52} = \frac{1}{13}$; P(R ∩ K) = $\frac{2}{52} = \frac{1}{26}$
∴ P(R ∪ K) = P(R) + P(K) - P(R ∩ K)
= $\frac{1}{2} + \frac{1}{13} - \frac{1}{26} = \frac{28}{52} = \frac{7}{13}$.

[R ∪ K = Red অথবা King, R ∩ K = Red এবং সেটিং King]

16. From a pack of 52 cards, one card is drawn at random. What is the probability that the card drawn is a ten or a spade? (52টি কার্ডের একটি প্যাকেট থেকে 1টি কার্ড উঠালে তা ten বা spade হওয়ার সম্ভাব্যতা কত?)

- (a) $\frac{4}{13}$ (b) $\frac{1}{4}$ (c) $\frac{1}{13}$ (d) $\frac{1}{26}$ (a)

✓ সমাধান : 52টি কার্ডে 4টি Suit আছে। প্রতি Suit এ নম্বর 10 লেখা 1টি করে কার্ড আছে। তাহলে মোট Ten কার্ড 4টি।
এখানে, P(T) = Ten কার্ড হওয়ার সম্ভাব্যতা = $\frac{4}{52} = \frac{1}{13}$
P(S) = Spade কার্ড হওয়ার সম্ভাব্যতা = $\frac{13}{52} = \frac{1}{4}$

[T ∩ S = Spade এর Ten = 1টি]

∴ P(T ∪ S) = P(T) + P(S) - P(T ∩ S)
= $\frac{1}{13} + \frac{1}{4} - \frac{1}{52} = \frac{16}{52} = \frac{4}{13}$.

17. The probability that a card drawn from a pack of 52 cards will be a diamond or a king is? (52টি কার্ড থেকে 1টি কার্ড উঠানো হলে তা diamond অথবা king হওয়ার সম্ভাব্যতা কত?)

- (a) $\frac{2}{13}$ (b) $\frac{4}{13}$ (c) $\frac{1}{13}$ (d) $\frac{1}{52}$ (b)

✓ সমাধান : ধরি, P(D) = Diamond কার্ড হওয়ার সম্ভাব্যতা
P(K) = King কার্ড হওয়ার সম্ভাব্যতা
Diamond আছে 13টি, King আছে 4টি, Diamond এর King আছে 1টি।

∴ P(D ∪ K) = P(D) + P(K) - P(D ∩ K)
[D ∩ K = Diamond এর King]
= $\frac{13}{52} + \frac{4}{52} - \frac{1}{52} = \frac{16}{52} = \frac{4}{13}$.

18. From a pack of 52 cards, two cards are drawn together at random. What is the probability of both the cards being kings? (52টি কার্ড থেকে নিরপেক্ষভাবে 2টি কার্ড একসাথে উঠালে দুইটি কার্ডই king হওয়ার সম্ভাব্যতা কত?)

- (a) $\frac{1}{15}$ (b) $\frac{25}{57}$ (c) $\frac{35}{256}$ (d) $\frac{1}{221}$ (d)

✓ সমাধান : 52টি কার্ডের মধ্যে King আছে 4টি।
∴ একসাথে দুটি কার্ড তোলার অনুকূলে ফলাফল = 4C_2
একসাথে দুটি কার্ড তোলার মোট ফলাফল = ${}^{52}C_2$
∴ দুটি কার্ডই King হওয়ার সম্ভাব্যতা = $\frac{{}^4C_2}{{}^{52}C_2} = \frac{2!2!}{52!50!}$

= $\frac{4!}{2! \times 52!}$
= $\frac{3 \times 4}{51 \times 52} = \frac{1}{221}$.

19. Two cards are drawn together from a pack of 52 cards. The probability that one is a spade and one is a heart, is? (52টি তাসের একটি প্যাকেট থেকে একত্রে 2টি কার্ড উত্তোলন করলে 1টি spade এবং 1টি heart পড়ার সম্ভাব্যতা কত?)

- (a) $\frac{3}{20}$ (b) $\frac{29}{34}$ (c) $\frac{47}{100}$ (d) $\frac{13}{102}$ (d)

✓ সমাধান : 52টি তাস থেকে 2টি তাস উত্তোলনের মোট ফলাফল বা উপায় সংখ্যা = ${}^{52}C_2$

Spade আছে 13টি; Heart আছে 13টি।

